# KUET Bulletin

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় বুলেটিন

১০ম বর্ষ, ১ম সংখ্যা, জানুয়ারি-জুন, ২০১৭


"ইয়ুথ সামিট ২" অনুষ্ঠিত

## "বাধা ও চ্যালেঞ্জ মোকাবিলা করে এগিয়ে যেতে হবে"

-তথ্য উপদেষ্টা




কুয়েটে "ইয়ুথ সামিট" অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতা করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর তথ্য উপদেষ্টা ইকবাল সোবহান চৌধুরী।

"জীবনে সফল হতে হলে বাধা ও চ্যালেঞ্জ মোকাবিলা করে এগিয়ে যেতে হবে। নৈতিকতা এবং লক্ষ ঠিক থাকলে সফলতা অর্জন করা সম্ভব। যোগ্যতা আর আন্তরিকতার সাথে সাহস নিয়ে এগিয়ে গেলে সহজেই অভিষ্ট লক্ষে পৌঁছানো যায়। যে স্বপ্ন দেখেনা, সে সফলতা পায় না। গত ১১ মার্চ শনিবার খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) ক্যারিয়ার ফর ইয়ুথ বিষয়ক "ইয়ুথ সামিট ২" অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় গণপ্রজাতন্ত্রী (২য় পৃষ্ঠায় দেখুন)

১ম বর্ষের শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন অনুষ্ঠিত

## "নবীন শিক্ষার্থীরাই বাংলাদেশকে নতুন দিগন্তে নিয়ে যাবে"

- ইউজিসি চেয়ারম্যান




কুয়েটে ১ম বর্ষের শিক্ষার্থীদের ওরিয়েন্টেশনে প্রধান অতিথির বক্তৃতা করেন ইউজিসির মাননীয় চেয়ারম্যান প্রফেসর আবদুল মান্নান।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) ২০১৬-১৭ শিক্ষাবর্ষের ১ম বর্ষ বিএসসি ইঞ্জিনিয়ারিং, বিইউআরপি ও বিআর্ক কোর্সের ওরিয়েন্টেশন অনুষ্ঠানে উপস্থিত ছাত্র-ছাত্রীদের উদ্দেশ্যে প্রধান অতিথির বক্তৃতায় বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের (ইউজিসি) চেয়ারম্যান প্রফেসর আবদুল মান্নান বলেন, তোমরা সোনার বাংলা নির্মাণের নতুন সৈনিক। নবীন শিক্ষার্থীরাই লক্ষ শহীদের রক্তের বিনিময়ে অর্জিত বাংলাদেশকে (২য় পৃষ্ঠায় দেখুন)

## বর্জ্য ব্যবস্থাপনা বিষয়ক আন্তর্জাতিক সম্মেলন অনুষ্ঠিত




কুয়েটে অনুষ্ঠিত ওয়েস্টসেফ-২০১৭ এ অংশগ্রহণকারী দেশী-বিদেশী অতিথিবৃন্দ।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) "উন্নয়নশীল দেশসমূহে পৌর বর্জ্য ব্যবস্থাপনা" শীর্ষক তিন দিনব্যাপি ৫ম আন্তর্জাতিক সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। ২৬ ফেব্রুয়ারি সকাল ৯টায় বিশ্ববিদ্যালয়ের সিভিল ইঞ্জিনিয়ারিং ভবনের সম্মেলন কক্ষে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন খুলনা জেলা পরিষদের চেয়ারম্যান শেখ হারুনুর রশীদ। এসময় তিঁনি বলেন, কনফারেন্সে আগত দেশী-বিদেশী বিজ্ঞানী ও গবেষকদের গবেষণালব্ধ জ্ঞান আমাদেরকে সমৃদ্ধ করবে। জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্বে স্বাধীন হওয়া বাংলাদেশ বর্জ্য মুক্ত একটি সুন্দর বাংলাদেশে পরিণত হবে। ওয়েস্টসেফ ২০১৭ এর চেয়ার এবং কুয়েটের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন এবং স্বাগত বক্তৃতা করেন। তিঁনি বলেন, বাংলাদেশের মত উন্নয়নশীল দেশের জন্য এই কনফারেন্স আশার আলো জ্বালিয়েছে। কনফারেন্সে উপস্থাপিত প্রস্তাবনা কাজে লাগাতে পারলে বর্জ্য ব্যবস্থাপনায় নতুন (২য় পৃষ্ঠায় দেখুন)

## উৎসবমুখর পরিবেশে বাংলা নববর্ষ বরণ




কুয়েটে পহেলা বৈশাখ ১৪২৪ "শুভ নববর্ষ" উপলক্ষে শোভাযাত্রায় নেতৃত্ব দেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) পহেলা বৈশাখ ১৪২৪ "শুভ নববর্ষ" উৎসবমুখর পরিবেশে দিনব্যাপী জাঁকজমকপূর্ণ নানাবিধ কর্মসূচি পালনের মাধ্যমে উদ্‌যাপন করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে আয়োজিত কর্মসূচীর মধ্যে সকাল ৮টা থেকে রাত ৮টা পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে অনুষ্ঠিত হয়েছে রকমারী আয়োজনে সাজানো বৈশাখী মেলা। বৈশাখী মেলায় বিশ্ববিদ্যালয়ের সকল হলের অংশগ্রহণে খাঁটি দেশীয় খড়মাটির কুঠি বানিয়ে দেশীয় ঐতিহ্যের পান্তা-মরিচ ভাজি, গ্রাম বাংলার ষড়ঋতুর আকর্ষনীয় বিভিন্ন আয়োজন, দেশীয় পিঠা তৈরী ও প্রদর্শনী ইত্যাদি নানাবিধ বর্ণিল আয়োজন করা হয়। ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর স্টলগুলো ঘুরে দেখেন এবং দেশীয় বিভিন্ন খাবারের স্বাদ গ্রহণ করেন। এসময় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের ছাত্র-ছাত্রী, শিক্ষক, কর্মকর্তা, কর্মচারীরা উপস্থিত ছিলেন।

খেলার মাঠে সকাল ৯টায় বর্ষবরণ সংগীতানুষ্ঠান (২য় পৃষ্ঠায় দেখুন)

## বর্জ্য ব্যবস্থাপনা বিষয়ক আন্তর্জাতিক সম্মেলন

(১ম পৃষ্ঠার পর) দিগন্ত উম্মোচিত হবে। অনুষ্ঠানে সম্মানী অতিথি হিসেবে জার্মানীর ওয়েস্ট ম্যানেজমেন্ট বিষয়ক পথপ্রদর্শক প্রফেসর ড. ওয়ের্নার বিলিংমায়ার, বিশেষ অতিথি হিসেবে ওয়াটার এইড বাংলাদেশের কান্ট্রি রিপ্রেজেন্টেটিভ ড. মোঃ খাইরুল ইসলাম ও এসএনভি বাংলাদেশের কান্ট্রি ডাইরেক্টর জেসন মিটকেল বিলাংগার, থিম পেপার উপস্থাপক জার্মানীর বা'হস ইউনিভার্সিটি ওয়েমার এর প্রফেসর ড. লিজ বাচুবার এবং সম্মেলনের সহ আয়োজক জার্মানীর বা'হস ইউনিভার্সিটি ওয়েমার এর প্রফেসর ড. ইকার্ড ক্রাফট্ ও ইটালির ইউনিভার্সিটি অব প্যাডোভা এর প্রফেসর ড. মারিয়া ক্রিস্টিনা লাভাংনোলো বক্তৃতা করেন। সন্ধ্যায় নগরীর একটি অভিজাত হেটেলে কনফারেন্স ডীনার ও মনোমুগ্ধকর সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। ২৭ ফেব্রুয়ারি বিকালে সম্মেলনের সমাপনী অনুষ্ঠানে বক্তৃতা করেন কুয়েটের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর, জার্মানীর বা'হস ইউনিভার্সিটি ওয়েমার এর প্রফেসর ড. ইকার্ড ক্রাফট্, ইটালির ইউনিভার্সিটি অব প্যাডোভা এর প্রফেসর ড. মারিয়া ক্রিস্টিনা লাভাংনোলো, ভারতের যাদবপুর বিশ্ববিদ্যালয়ের প্রফেসর ড. সাধন কুমার ঘোষ, নেপালের ত্রিভূবন বিশ্ববিদ্যালয়ের প্রফেসর ড. নওয়া রাজ খাতিওয়ানা, কুয়েটের সিই বিভাগের প্রফেসর ড. কাজী হামিদুল বারী এবং ইসিই বিভাগের প্রফেসর ড. পল্লব কুমার চৌধুরী। তিনদিনের সম্মেলনে মোট ১২টি প্যারালাল টেকনিক্যাল সেশন, ১টি কী-নোট সেশন, ৩টি কী-নোট পেপার, ১টি থীম পেপার ও ৯৮টি কারিগরী পেপার উপস্থাপিত হয়। সম্মেলনে জার্মানী, ইটালী, জাপান, নেপাল, দক্ষিণ কোরিয়া ও ভারতের ২২ জন এবং বাংলাদেশের ১৩৮ জন খ্যাতনামা বিজ্ঞানী, গবেষক, প্রকৌশলী, প্রযুক্তিবিদ, শিক্ষাবিদ, পেশাজীবী ও নীতিনির্ধারকগণ অংশগ্রহণ করেন। বর্জ্য ব্যবস্থাপনার কৌশল, পরিবেশগত এবং আর্থ-সামাজিক প্রেক্ষাপট, কারিগরী ও অন্যান্য বিষয়ে অভিজ্ঞতা ও প্রযুক্তিগত জ্ঞান বিনিময়ের জন্য নতুন নতুন কৌশল উদ্ভাবনের লক্ষ্যে কুয়েট, বা'হস বিশ্ববিদ্যালয় ওয়েমার জার্মানী, ইউনিভার্সিটি অব প্যাডোভা ইটালী, ইন্টারন্যাশন্যাল ওয়েস্ট ওয়ার্কিং গ্রুপ (আইডব্লিউডব্লিউজি) ও অরবিট গ্রুপ এর যৌথ আয়োজনে কুয়েটে ৫ম বারের মত এই আন্তর্জাতিক সম্মেলন অনুষ্ঠিত হলো। এসএনভি বাংলাদেশ ও ওয়াটার এইড বাংলাদেশ সম্মেলনের স্ট্রাটেজিক পার্টনার এবং সেভেন রিংস সিমেন্ট ও চায়না জিও-ইঞ্জিনিয়ারিং কর্পোরেশন(সিজিসি) সম্মেলনের সহযোগী। সম্মেলনে জার্মানীর ওয়েস্ট ম্যানেজমেন্ট বিষয়ক পথপ্রদর্শক প্রফেসর ড. ওয়ের্নার বিলিংমায়ারকে ওয়েস্টসেফ লাইফটাইম এ্যাচিভমেন্ট এ্যাওয়ার্ড প্রদান করা হয়। এছাড়া উভয় ক্ষেত্রে ১ম থেকে ৩য় তিন জনকে প্রফেসর ড. মোহাম্মদ হারুনুর রশীদ বেষ্ট পেপার এ্যাওয়ার্ড ও ফ্যাব-ল্যাব ইনোভেটিভ পুরস্কার প্রদান করা হয়। উল্লেখ্য, এর আগে কুয়েটে ২০০৯ সালে প্রথম, ২০১১ সালে দ্বিতীয়, ২০১৩ সালে তৃতীয় এবং ২০১৫ সালে চতুর্থ বারের মত পৌর বর্জ্য ব্যবস্থাপনা বিষয়ক আন্তর্জাতিক সম্মেলন যথাক্রমে ওয়েস্টসেফ ২০০৯, ওয়েস্টসেফ ২০১১, ওয়েস্টসেফ ২০১৩ ও ওয়েস্টসেফ ২০১৫ অনুষ্ঠিত হয়। ৬ষ্ঠ ওয়েস্টসেফ কনফারেন্স ২০১৯ সালের ২৩-২৪ ফেব্রুয়ারি কুয়েটে অনুষ্ঠিত হবে।

## "ইয়ুথ সামিট ২" অনুষ্ঠিত

(১ম পৃষ্ঠার পর) বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর তথ্য উপদেষ্টা ইকবাল সোবহান চৌধুরী এসব কথা বলেন। 'এইম হাই-থিঙ্ক বিগ' প্রতিপাদ্যকে সামনে নিয়ে বিশ্ববিদ্যালয়ের অডিটরিয়ামে সকাল সাড়ে ৯টায় অনুষ্ঠান শুরু হয়। অনুষ্ঠানে গেস্ট স্পিকার হিসেবে বক্তৃতা করেন কুয়েটের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর, পিএসসি'র সাবেক চেয়ারম্যান ইকরাম আহমেদ, বিটিভি'র সাবেক ডিজি ম. হামিদ, এসুরেন্স-মনি গ্রুপের চেয়ারম্যান গিয়াস উদ্দীন খান এবং রোটারিয়ান এফএম আলমগীর। কীনোট স্পিকার ছিলেন সেলস মার্কেটিং এন্ড ম্যানেজমেন্ট স্পেশালিস্ট এসএএম সওকত হোসেন এছাড়া সংগীত পরিবেশন করেন গাজী মেডিকেল কলেজ হসপিটালের চেয়ারম্যান ডাঃ গাজী মিজানুর রহমান।

অনুষ্ঠানে উপস্থিত বক্তারা তাদের সাফল্য তুলে ধরেন এবং অংশগ্রহনকারীদের বিভিন্ন বিষয়ে দিক নির্দেশনা প্রদান করেন। ইয়ুথ সামিটে কুয়েট ও বিভিন্ন প্রতিষ্ঠানের শিক্ষার্থীসহ বিভিন্ন শ্রেণী পেশার সহস্রাধিক অংশগ্রহণকারী অংশগ্রহণ করেন।

ক্যারিয়ার ফর ডেভেলপিং ম্যানেজমেন্ট এক্সিলেন্স (সিডিএমই) এর আয়োজনে অনুষ্ঠানের সহযোগী ছিলো খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, এসুরেন্স ডেভেলপমেন্ট, গাজী মেডিকেল কলেজ হসপিটাল, এনসিসি ব্যাংক, ইউনিক গ্রুপ, বোরাক, কেআইএফ ফ্যাবল এবং রোটারী ক্লাব।

## ১ম বর্ষের শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন



কুয়েটের রোকেয়া হলের নবনির্মিত নতুন ব্লকের উদ্বোধন করেন ইউজিসির মাননীয় চেয়ারম্যান প্রফেসর আবদুল মান্নান।

(১ম পৃষ্ঠার পর) নতুন দিগন্তে নিয়ে যাবে। ইউজিসি চেয়ারম্যান শিক্ষার্থীদের মাদক এবং সন্ত্রাসী কর্মকান্ড থেকে দুরে থাকারও পরামর্শ দেন। তিঁনি আরো বলেন, দেশের মেধাবী শিক্ষার্থীরা কুয়েটে অধ্যয়ন করছে, বাংলাদেশের অন্যতম সেরা শিক্ষা প্রতিষ্ঠান হিসেবে এই শিক্ষা প্রতিষ্ঠান নিজেকে প্রতিষ্ঠিত করেছে। ১৬ ফেব্রুয়ারি বৃহস্পতিবার সকাল সাড়ে ৯টা থেকে সাড়ে ১১টা পর্যন্ত অডিটরিয়ামে অনুষ্ঠিত ওরিয়েন্টেশনে সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। এসময় তিঁনি বলেন, তোমাদের মত নতুন প্রজন্ম দেশকে এগিয়ে নিয়ে যাবে। এদেশ পথ হারাবে না। অসাম্প্রদায়িক চেতনায় কুয়েট এগিয়ে যাবে। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন এবং অনুষদের শিক্ষার্থীদের পরিচয় করিয়ে দেন সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ মাহবুব আলম, ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ আব্দুর রফিক, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মিহির রঞ্জন হালদার। এছাড়া বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. সোবহান মিয়া ও রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) জি এম শহিদুল আলম। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউট পরিচালকগণ, বিভিন্ন বিভাগের বিভাগীয় প্রধানগণ, অন্যান্য পরিচালকগণ, বিভিন্ন হলের প্রভোস্টগণ, একাডেমিক কাউন্সিলের সদস্যগণ, দপ্তর প্রধানগণ, সাংবাদিকবৃন্দ, নবাগত ছাত্র-ছাত্রী এবং তাদের অবিভাবকবৃন্দসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে প্রধান অতিথি ইউজিসি'র চেয়ারম্যানকে বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর স্মারক সম্মাননা প্রদান করেন । ওরিয়েন্টেশন শেষে প্রধান অতিথি অডিটরিয়াম সংলগ্ন স্থানে গাছের চারা রোপন, নবনির্মিত রোকেয়া হলের নতুন ব্লকের উদ্বোধন ও শিক্ষক সমিতির সাথে মত বিনিময় করেন। এছাড়াও অডিটোরিয়ামের সম্মুখে কুয়েট ভলেন্টরি ব্লাড ডোনেশান সোসাইটি "ড্রিমস্" এর উদ্যোগে ব্লাড গ্রুপিং কার্যক্রম, বিএনসিসি কার্যক্রম, "ওয়েষ্ট ম্যানেজমেন্ট ইনিসিয়েটিভ" সেলের মাধ্যমে সকলকে নির্দিষ্ট স্থানে আবর্জনা ফেলতে উৎসাহিত করা হয়। এদিনের বিভিন্ন সময়ে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগ তাদের বিভাগে ভর্তিকৃত শিক্ষার্থীদের নিয়ে বিভাগীয় ওরিয়েন্টেশন আয়োজন করে। উল্লেখ্য যে, কুয়েটে এবছর ১৪ টি স্নাতক ডিগ্রী প্রদানকারী বিভাগে ১০০২ জন নতুন শিক্ষার্থী ভর্তি করা হয়।

## কুয়েটে উৎসবমুখর পরিবেশে বাংলা নববর্ষ বরণ

(১ম পৃষ্ঠার পর) অনুষ্ঠিত হয়। সকাল ১০টায় অনুষ্ঠিত হয় মঙ্গল শোভাযাত্রা। ঢোল, বাশি, একতারা, দো-তারা, বিভিন্ন বাদ্যযন্ত্র, দেশীয় সংস্কৃতির ছবি সম্বলিত বিভিন্ন প্লাকার্ড, ফেস্টুন, মুখোশসহ আরও অনেক আয়োজনে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠ থেকে শোভাযাত্রা শুরু হয়ে ফুলবাড়ীগেট, খুলনা-যশোর মহাসড়কসহ ক্যাম্পাস প্রদক্ষিণ করে খেলার মাঠে এসে সমাপ্ত হয়। বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষকবৃন্দ, ছাত্র-ছাত্রী, কর্মকর্তা, কর্মচারী এবং খুলনা ইঞ্জিনিয়ারিং ইউনিভার্সিটি স্কুল ও উন্মেষ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থীসহ অন্যান্যরা মঙ্গল শোভাযাত্রায় স্বতস্ফুর্তভাবে অংশগ্রহণ করেন। শোভাযাত্রায় নেতৃত্ব দেন কুয়েটের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। সকাল সাড়ে ১০টায় খেলার মাঠে অনুষ্ঠিত হয় বাউল সঙ্গীত, সাপ খেলা, বানর খেলা, ম্যাজিক শো ও বায়োস্কোপ প্রদর্শনী। বিকাল সাড়ে ৩টায় অনুষ্ঠিত হয় লাঠি খেলা, সাইকেল শো, মোরগ লড়াই, কাবাডি খেলা ও ঘুড়ি উৎসব। এছাড়া সন্ধ্যায় অডিটরিয়ামে অনুষ্ঠিত হয় মনোমুগ্ধকর সাংস্কৃতিক সন্ধ্যা। ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর উপস্থিত (২৩ পৃষ্ঠায় দেখুন)

## জাতীয় শিশু দিবস ২০১৭ উদ্‌যাপিত




কুয়েটে জাতীয় শিশু দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে র‍্যালীতে নেতৃত্ব দেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) যথাযোগ্য মর্যাদায় জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৯৭তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০১৭ উদ্‌যাপিত হয়েছে। দিবসটি উদ্‌যাপন উপলক্ষ্যে ১৬ মার্চ বৃহস্পতিবার বিকাল সাড়ে ৩টায় অডিটরিয়ামে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। অলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। প্রধান অতিথির বক্তৃতায় তিনি বলেন, "বঙ্গবন্ধু বাঙ্গালী এবং বাংলাদেশের মূল স্তম্ভ। বাঙ্গালীর শিকড় বঙ্গবন্ধুর আদর্শে গড়া, বাঙ্গালী ও বাংলাদেশ থেকে বঙ্গবন্ধুকে আলাদা করা যাবে না। তিনি না থাকলে আমরা স্বাধীন দেশ, পতাকা, ভুখন্ড পেতাম না। বাংলাদেশকে এগিয়ে যেতে হলে বঙ্গবন্ধুর দিক (১৬ পৃষ্ঠায় দেখুন)

## আন্তঃহল ক্রিকেট টুর্ণামেন্ট
## ফজলুল হক হল চ্যাম্পিয়ন



কুয়েটে আন্তঃহল ক্রিকেট টুর্নামেন্টের পুরস্কার বিতরণী অনুষ্ঠানে পুরস্কার বিতরণ করেন প্রধান অতিথি বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) অন্তঃহল ক্রিকেট টুর্ণামেন্টে ফজলুল হক হল চ্যাম্পিয়ন হয়েছে। ১৭ মার্চ শুক্রবার দুপুর ২ঃ৩০ টায় অনুষ্ঠিত টুর্ণামেন্টের ফাইনালে ফজলুল হক হল ১৩ রানে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলকে পরাজিত করে। প্রথমে ব্যাট করে ফজলুল হক হল ৫ উইকেটে নির্ধরিত ২০ ওভারে ১৪১ রান সংগ্রহ করে। জবাবে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল ৫ উইকেটে নির্ধারিত ২০ ওভারে ১২৮ রান সংগ্রহ করে। বিজয়ী দলের মোঃ মঈন উদ্দীন মিয়াজী ম্যান অব দ্যা ফাইনাল নির্বাচিত হয়। খেলা শেষে পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. সোবহান মিয়ার সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে পুরস্কার বিতরণ করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। এসময় এক সংক্ষিপ্ত বক্তৃতায় তিনি টুর্নামেন্ট সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানিয়ে বলেন, কুয়েটের শিক্ষার্থীরা শিক্ষা এবং খেলাধুলার মত সহ-শিক্ষা কার্যক্রমে উভয় দিকে সমান তালে এগিয়ে চলেছে। শিক্ষার্থীদের লেখাপড়ার পাশাপাশি খেলাধুলায় অংশগ্রহণ তাদের মেধাকে শানিত করবে। অনুষ্ঠানে অন্যদের মধ্যে বক্তৃতা করেন ফজলুল হক হলের প্রভোষ্ট প্রফেসর ড. মোঃ মোস্তাফিজুর রহমান, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের প্রভোষ্ট প্রফেসর ড. পল্লব কুমার চৌধুরী, ফজলুল হক হলের দলনেতা মোঃ শাহরিয়ার সরকার ও বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের দলনেতা মোঃ নাঈম হাসান। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও বিপুল সংখ্যক শিক্ষার্থী উপস্থিত ছিলেন। এর আগে ১০ ফেব্রুয়ারি অন্তঃহল ক্রিকেট টুর্ণামেন্টের উদ্বোধন ও প্রথম খেলা অনুষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয়ের ছয়টি হল প্রত্যেকে প্রত্যেকের মুখোমুখি হয়। পয়েন্টের ভিত্তিতে সর্বোচ্চ পয়েন্টধারী এই দুটি দল ফাইনালে খেলার যোগ্যতা লাভ করে।

## "দেশের অগ্রযাত্রায় সিভিল ইঞ্জিনিয়ারদের আরো অগ্রগামী হতে হবে"
–ভাইস-চ্যান্সেলর




কুয়েটে "সিভিল ফেস্টিভ্যাল ২০১৭" এ প্রধান অতিথির বক্তৃতা করেন ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) প্রথমবারের মত অনুষ্ঠিত হয়েছে "সিভিল ফেস্টিভ্যাল ২০১৭"। ২৪ মার্চ শুক্রবার সকাল সাড়ে ৯টায় বিশ্ববিদ্যালয়ের সিভিল ইঞ্জিনিয়ারিং ভবনে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। প্রধান অতিথির বক্তৃতায় কুয়েট ভিসি বলেন, দেশের অগ্রযাত্রায় সিভিল ইঞ্জিনিয়ারদের আরো অগ্রগামী হতে হবে। তিনি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অবদান স্মরণ করে বলেন, বঙ্গবন্ধুর বিশেষ নির্দেশনায় ১৯৭৪ সালে খুলনা ইঞ্জিনিয়ারিং কলেজ হিসেবে যে প্রতিষ্ঠানের যাত্রা শুরু হয়, সে প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা সকল ক্ষেত্রে সফল হবেই। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মুহাম্মাদ হারুনুর রশীদ, অনুষ্ঠানের আহ্বায়ক ও বিভাগের সাবেক শিক্ষক প্রফেসর ড. মোঃ আবুল বাশার, বিশ্ববিদ্যালয়ের তিন প্রজন্মের সাবেক শিক্ষার্থীদের মধ্যে খুলনা ইঞ্জিনিয়ারিং কলেজের পক্ষে প্রকৌশলী সৈয়দ মাহবুবুর রহমান, বিআইটি খুলনার পক্ষে প্রকৌশলী মোঃ গোলাম মাওলা এবং কুয়েটের পক্ষে প্রকৌশলী আব্দুস সাকুর।

বিকালে বন্দর স্টিল ইন্ডাস্ট্রিজ কর্তৃক সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগকে ইউনিভার্সাল টেস্টিং মেশিন (ইউটিএম) প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মুহাম্মাদ হারুনুর রশীদ এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন বন্দর স্টিল ইন্ডাস্ট্রিজ লিমিটেডের চেয়ারম্যান সিরাজুল ইসলাম মৃধা। দিনব্যাপী ফেস্টিভ্যালের বিভিন্ন অনুষ্ঠানের মধ্যে ছিল বিভাগের পুরাতন এবং নতুন শিক্ষার্থীদের সাথে পরিচয় পর্ব, স্মৃতিচারণ, গেম, পারিবারিক আড্ডা, ক্যাম্পাস ভ্রমণ, সিভিল এলামনাই গঠন, সাংস্কৃতিক অনুষ্ঠান এবং র‍্যাফেল ড্র।


## "আইডিয়া কাজে না লাগালে তা মূল্যহীন"
-ভাইস-চ্যান্সেলর



কুয়েট "ফ্যাব ল্যাব" বিষয়ক সেমিনারে অংশগ্রহণকারী শিক্ষার্থী ও অতিথিবৃন্দের সাথে ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর বলেছেন, "আইডিয়া কাজে না লাগালে তা মূল্যহীন। আইডিয়াকে বাস্তবে রূপ দিতে হবে। এজন্য পরিশ্রমের কোন বিকল্প নেই।" ০৬ মে শনিবার ফ্যাব ল্যাব কুয়েট শীর্ষক সাব-প্রজেক্টের আয়োজনে সিই বিভাগের এনেক্স ভবনে অনুষ্ঠিত দিনব্যাপী ফ্যাব ল্যাব বিষয়ক সেমিনারে কুয়েট ভিসি এসব কথা বলেন। তিনি আরো বলেন, ফ্যাব ল্যাব বিশ্ববিদ্যালয়ের সকলের জন্য, এমনকি দেশের যে কেউ তার গবেষনার কাজ এখান থেকে করতে পারবে। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ফ্যাব ল্যাব কুয়েট এর সাব-প্রজেক্ট ম্যানেজার প্রফেসর ড. পল্লব কুমার চৌধুরী এবং স্বাগত বক্তৃতা করেন ডেপুটি সাব-প্রজেক্ট ম্যানেজার ড. মোঃ মাহবুব হাসান। (৭ম পৃষ্ঠায় দেখুন)

## রসায়ন বিভাগে টিম বিল্ডিং ওয়ার্কশপ অনুষ্ঠিত




কুয়েটে রসায়ন বিভাগে টিম বিল্ডিং ওয়ার্কশপে প্রধান অতিথির বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) "টিম বিল্ডিং ওয়ার্কশপ: সেল্ফ-এ্যাসেসমেন্ট এন্ড কোয়ালিটি এ্যাসুরেন্স ইন হায়ার এডুকেশন ইন দি ডিপার্টমেন্ট অব কেমিস্ট্রি" শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। ১৭ জানুয়ারি মঙ্গলবার রসায়ন বিভাগের সেল্ফ এ্যাসেসমেন্ট কমিটির আয়োজনে দিনব্যাপী ওয়ার্কশপটি সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয়। সকাল ১০টায় কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। বিশেষ অতিথি ছিলেন সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ মাহবুব আলম ও আইকিউএসি এর পরিচালক প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন রসায়ন বিভাগের সেল্ফ এ্যাসেসমেন্ট কমিটির চেয়ারম্যান প্রফেসর ড. মোঃ আব্দুল মতিন। ওয়ার্কশপে রসায়ন বিভাগসহ বিভিন্ন বিভাগের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণ উপস্থিত ছিলেন।

## লেদার ইঞ্জিনিয়ারিং বিভাগে টিম বিল্ডিং ওয়ার্কশপ অনুষ্ঠিত




কুয়েটে লেদার ইঞ্জিনিয়ারিং বিভাগে টিম বিল্ডিং ওয়ার্কশপে প্রধান অতিথির বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) "টিম বিল্ডিং ওয়ার্কশপ: সেল্ফ-এ্যাসেসমেন্ট এন্ড কোয়ালিটি এ্যাসুরেন্স ইন হায়ার এডুকেশন, ডিপার্টমেন্ট অব লেদার ইঞ্জিনিয়ারিং" শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। ১৮ জানুয়ারি বুধবার লেদার ইঞ্জিনিয়ারিং বিভাগের সেল্ফ এ্যাসেসমেন্ট কমিটির আয়োজনে দিনব্যাপী ওয়ার্কশপটি বিভাগের সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয়। সকাল ১০টায় কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। বিশেষ অতিথি ছিলেন মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মিহির রঞ্জন হালদার, আইকিউএসি এর পরিচালক প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিভাগের সেল্ফ এ্যাসেসমেন্ট কমিটির চেয়ারম্যান ও বিভাগীয় প্রধান ড. মোঃ আবুল হাসেম এবং স্বাগত বক্তৃতা করেন বিভাগের সহকারী অধ্যাপক ড. মোঃ আব্দুল্লাহ-আল-মামুন। ওয়ার্কশপে লেদার ইঞ্জিনিয়ারিং বিভাগসহ বিভিন্ন বিভাগের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণ উপস্থিত ছিলেন।

## আইকিউএসি'র আয়োজনে ট্রেইনিং প্রোগ্রাম অনুষ্ঠিত




কুয়েটে "কারিকুলাম কনসেপ্ট মডেলস এন্ড ডেভেলপমেন্ট স্ট্রেটেজি মডিউল-১" শীর্ষক ট্রেনিং প্রোগ্রামের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতা করেন ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (আইকিউএসি) কর্তৃক আয়োজিত " কারিকুলাম কনসেপ্ট, মডেলস এন্ড ডেভেলপমেন্ট স্ট্রেটেজি: মডিউল-১" শীর্ষক ট্রেইনিং প্রোগ্রাম অনুষ্ঠিত হয়েছে। ২১ জানুয়ারি শনিবার সকাল সাড়ে ৯টায় বিশ্ববিদ্যালয়ের 'ডিস্টেন্স লারনিং থিয়েটারে' আয়োজিত ট্রেইনিং প্রোগ্রামের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। ট্রেইনিং প্রোগ্রামের রিসোর্স পার্সন হিসেবে উপস্থিত থেকে টেকনিক্যাল সেশন পরিচালনা করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউট অব এডুকেশন এন্ড রিসার্স এর প্রফেসর ড. এস.এম. হাফিজুর রহমান। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন আইকিউএসি'র পরিচালক প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন এবং সঞ্চালনা করেন সেকশন অফিসার (গ্রেড-১) মনোজ কুমার মজুমদার। টেকনিক্যাল সেশন শেষে উন্মুক্ত আলোচনা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের ডীনবৃন্দ, ইনস্টিটিউট পরিচালকবৃন্দ, বিভিন্ন বিভাগের বিভাগীয় প্রধানগণ, পরিচালকবৃন্দসহ বিভিন্ন বিভাগের শিক্ষকবৃন্দ ও দপ্তর প্রধানগণ উপস্থিত ছিলেন।

## ইসিই বিভাগে টিম বিল্ডিং ওয়ার্কশপ অনুষ্ঠিত




কুয়েটে ইসিই বিভাগে টিম বিল্ডিং ওয়ার্কশপে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) "টিম বিল্ডিং ওয়ার্কশপঃ সেল্ফ-এ্যাসেসমেন্ট এন্ড কোয়ালিটি এ্যাসুরেন্স ইন হায়ার এডুকেশন ইন দি ডিপার্টমেন্ট অব ইসিই" শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। ২৩ জানুয়ারি সোমবার ইলেকট্রনিক্স এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (ইসিই) বিভাগের সেল্ফ এ্যাসেসমেন্ট কমিটির আয়োজনে দিনব্যাপী ওয়ার্কশপটি বিভাগের সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয়। সকাল ১০টায় কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। বিশেষ অতিথি ছিলেন ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ আব্দুর রফিক ও আইকিউএসি এর পরিচালক প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ইসিই বিভাগের সেল্ফ এ্যাসেসমেন্ট কমিটির চেয়ারম্যান প্রফেসর ড. মোঃ ফারুক হোসেন এবং স্বাগত বক্তৃতা করেন প্রফেসর ড. মোঃ ফয়সল হোসেন। ওয়ার্কশপে ইসিই বিভাগসহ বিভিন্ন বিভাগের শিক্ষক, কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

## পদার্থ বিজ্ঞান বিভাগে ওয়ার্কশপ অনুষ্ঠিত




কুয়েটে পদার্থ বিজ্ঞন বিভাগে "ওয়ার্কশপঃ ২ শেয়ারিং দি সার্ভে রেজাল্টস" শীর্ষক ওয়ার্কশপে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর ।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) পদার্থ বিজ্ঞান বিভাগে "ওয়ার্কশপ ২ ঃ শেয়ারিং দি সার্ভে রেজাল্টস" শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। ১৩ মার্চ সোমবার পদার্থ বিজ্ঞান বিভাগের সেল্ফ এ্যাসেসমেন্ট কমিটির আয়োজনে ওয়ার্কশপটি বিশ্ববিদ্যালয়ের ডিস্টেন্স লারনিং থিয়েটারে অনুষ্ঠিত হয়। সকাল সাড়ে ১০টায় কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। বিশেষ অতিথি ছিলেন সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ মাহবুব আলম ও আইকিউএসি এর পরিচালক প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন এবং স্বাগত বক্তৃতা করেন পদার্থ বিজ্ঞান বিভাগের প্রফেসর ড. মোঃ আব্দুল্লাহ ইলিয়াছ আক্তার। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন পদার্থ বিজ্ঞান বিভাগের সেল্ফ এ্যাসেসমেন্ট কমিটির চেয়ারম্যান প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার। ওয়ার্কশপে পদার্থ বিজ্ঞান বিভাগসহ বিভিন্ন বিভাগের শিক্ষক, কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

## কুয়েটে আইকিউএসি'র আয়োজনে ট্রেইনিং প্রোগ্রাম অনুষ্ঠিত




কুয়েটে "রোল এন্ড রেসপন্সিবিলিটি এন্ড ইথিকাল প্রিন্সিপালস অফ দি ইউনিভার্সিটি টিচার্স" শীর্ষক ট্রেইনিং প্রোগ্রামে প্রধান অতিথির বক্তৃতা করেন ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (আইকিউএসি) কর্তৃক আয়োজিত "রোল এন্ড রেসপন্সিবিলিটি এন্ড ইথিকাল প্রিন্সিপালস অফ দি ইউনিভার্সিটি টিচার্স" শীর্ষক ট্রেইনিং প্রোগ্রাম অনুষ্ঠিত হয়েছে। ১৮ মার্চ শনিবার সকাল ৯টায় বিশ্ববিদ্যালয়ের 'ডিস্টেন্স লারনিং থিয়েটারে' আয়োজিত ট্রেইনিং প্রোগ্রামের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। ট্রেইনিং প্রোগ্রামের রিসোর্স পার্সন হিসেবে উপস্থিত থেকে টেকনিক্যাল সেশন পরিচালনা করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের মাইক্রোবায়োলজী ডিপার্টমেন্টের প্রফেসর ড. মোঃ আনোয়ার হোসেন এবং কুয়েটের যন্ত্রকৌশল বিভাগের প্রফেসর ড. এ এন এম মিজানুর রহমান। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন আইকিউএসি'র পরিচালক প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন এবং সঞ্চালনা করেন আইকিউএসি এর অতিরিক্ত পরিচালক প্রফেসর ড. কে এম আজহারুল হাসান। টেকনিক্যাল সেশন শেষে উন্মুক্ত আলোচনা অনুষ্ঠিত হয়। উদ্বোধনী অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের ডীনবৃন্দ, ইনস্টিটিউট পরিচালকবৃন্দ, বিভিন্ন বিভাগের বিভাগীয় প্রধানগণ ও বিভিন্ন বিভাগের শিক্ষকমন্ডলী উপস্থিত ছিলেন। দিনব্যাপি অনুষ্ঠিত এই ট্রেইনিং প্রোগ্রামের দুইটি সেশনে যথাক্রমে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের সহকারী অধ্যাপক এবং প্রভাষকগণ অংশগ্রহণ করেন।

## সিএসই বিভাগে ওয়ার্কশপ অনুষ্ঠিত




কুয়েটে ওয়ার্কশপ ২ঃ শেয়ারিং দি সার্ভে রেজাল্টস ফর দি ডিপার্টমেন্ট অব সিএসই" শীর্ষক কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতা করেন ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) "ওয়ার্কশপ ২ ঃ শেয়ারিং দি সার্ভে রেজাল্টস' ফর দি ডিপার্টমেন্ট অব কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং" শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। ২৪ ফেব্রুয়ারি শুক্রবার সিএসই বিভাগের সেল্ফ এ্যাসেসমেন্ট কমিটির আয়োজনে ওয়ার্কশপটি বিভাগের সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয়। সকালে কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। বিশেষ অতিথি ছিলেন ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ আব্দুর রফিক ও আইকিউএসি এর পরিচালক প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সিএসই বিভাগের সেল্ফ এ্যাসেসমেন্ট কমিটির চেয়ারম্যান প্রফেসর ড. মোহাম্মদ শেখ সাদী এবং স্বাগত বক্তৃতা করেন প্রফেসর ড. কাজী মোঃ রকিবুল আলম। ওয়ার্কশপে সিএসই বিভাগসহ বিভিন্ন বিভাগের শিক্ষক, কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

## ইইই বিভাগে ওয়ার্কশপ অনুষ্ঠিত




কুয়েটে ইইই বিভাগে "সেকেন্ড ওয়ার্কশপঃ শেয়ারিং দি সার্ভে রেজাল্টস" শীর্ষক ওয়ার্কশপে প্রধান অতিথির বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং (ইইই) বিভাগে "সেকেন্ড ওয়ার্কশপ ঃ শেয়ারিং দি সার্ভে রেজাল্টস" শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। ২১ ম্যার্চ মঙ্গলবার দুপুরে ইইই বিভাগের সেল্ফ এ্যাসেসমেন্ট কমিটির আয়োজনে ওয়ার্কশপটি বিভাগের সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয়। ওয়ার্কশপের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। বিশেষ অতিথি ছিলেন ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ আব্দুর রফিক, আইকিউএসি এর পরিচালক প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন, ইইই বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মোঃ শাহজাহান। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ইইই বিভাগের সেল্ফ এ্যাসেসমেন্ট কমিটির চেয়ারম্যান প্রফেসর ড. বাসুদেব চন্দ্র ঘোষ এবং স্বাগত বক্তৃতা করেন প্রফেসর ড. মোঃ নুরুন্নবী মোল্লা। ওয়ার্কশপে ইইই বিভাগসহ বিভিন্ন বিভাগের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।

## ইউআরপি বিভাগে ওয়ার্কশপ অনুষ্ঠিত



কুয়েটে ইউআরপি বিভাগে শেয়ারিং অফ সার্ভে রেজাল্টসঃ শীর্ষক ওয়ার্কশপে প্রধান অতিথির বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) আরবান এন্ড রিজিওনাল প্লানিং (ইউআরপি) বিভাগে "শেয়ারিং অফ সার্ভে রেজাল্টসঃ সেল্ফ এ্যাসেসমেন্ট এন্ড কোয়ালিটি এ্যাসুরেন্স ইন হায়ার এডুকেশন ইন দি ডিপার্টমেন্ট অফ আরবান এন্ড রিজিওনাল প্লানিং, কুয়েট" শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। ০৩ এপ্রিল বুধবার ইউআরপি বিভাগের সেল্ফ এ্যাসেসমেন্ট কমিটির আয়োজনে ওয়ার্কশপটি বিভাগের সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয়। সকাল ১০টায় কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। বিশেষ অতিথি ছিলেন সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ মাহবুব আলম ও আইকিউএসি এর পরিচালক প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন এবং স্বাগত বক্তৃতা করেন ইউআরপি বিভাগের সহকারী অধ্যাপক তুষার কান্তি রায়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ইউআরপি বিভাগের সেল্ফ এ্যাসেসমেন্ট কমিটির চেয়ারম্যান প্রফেসর ড. মোঃ মোস্তফা সারোয়ার। ওয়ার্কশপে ইউআরপি বিভাগসহ বিভিন্ন বিভাগের শিক্ষক, কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

## আইকিউএসি'র আয়োজনে ট্রেইনিং প্রোগ্রাম অনুষ্ঠিত



কুয়েটে "কোয়ালিটি অ্যাসুরেন্সঃ রোল এন্ড রেসপন্সিবিলিটি অব অফিসার্স এ্যাট ইউনিভার্সিটি" শীর্ষক ট্রেইনিং প্রোগ্রামের প্রধান অতিথির বক্তৃতা করেন ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (আইকিউএসি) কর্তৃক আয়োজিত "কোয়ালিটি অ্যাসুরেন্সঃ রোল এন্ড রেসপন্সিবিলিটি অব অফিসার্স এ্যাট ইউনিভার্সিটি" শীর্ষক ট্রেইনিং প্রোগ্রাম অনুষ্ঠিত হয়েছে। ২২ এপ্রিল শনিবার সকাল ৯টায় বিশ্ববিদ্যালয়ের 'ডিস্টেন্স লারনিং থিয়েটারে' আয়োজিত ট্রেইনিং প্রোগ্রামের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। ট্রেইনিং প্রোগ্রামে রিসোর্স পার্সন হিসেবে উপস্থিত থেকে টেকনিক্যাল সেশন পরিচালনা করেন যন্ত্রকৌশল বিভাগের প্রফেসর ড. এ এন এম মিজানুর রহমান ও খুলনা বিভাগের স্থানীয় সরকারের পরিচালক (ভারপ্রাপ্ত) হোসেন আলী খোন্দকার। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন আইকিউএসি'র পরিচালক প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন স্বাগত বক্তৃতা করেন আইকিউএসি'র অতিরিক্ত পরিচালক প্রফেসর ড. কে এম আজহারুল হাসান। টেকনিক্যাল সেশন শেষে উন্মুক্ত আলোচনা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তাগণ অংশগ্রহণ করেন।

## মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগে ওয়ার্কশপ অনুষ্ঠিত


কুয়েটে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগে "সেকেন্ড ওয়ার্কশপঃ শেয়ারিং দি সার্ভে রেজাল্টস" শীর্ষক ওয়ার্কশপে প্রধান অতিথির বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগে "সেকেন্ড ওয়ার্কশপঃ শেয়ারিং দি সার্ভে রেজাল্টস" শীর্ষক ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়েছে। ০৪ এপ্রিল বৃহস্পতিবার মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের সেল্ফ এ্যাসেসমেন্ট কমিটির আয়োজনে ওয়ার্কশপটি বিভাগের সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয়। সকাল ১০টায় কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। বিশেষ অতিথি ছিলেন মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মিহির রঞ্জন হালদার, আইকিউএসি এর পরিচালক প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর মোঃ গোলাম কাদের। অনুষ্ঠানে স্বাগত বক্তৃতা করেন মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. খন্দকার আফতাব হোসেন। অনুষ্ঠানে সভাপতিত্ব এবং টেকনিক্যাল সেশন পরিচালনা করেন মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের সেল্ফ এ্যাসেসমেন্ট কমিটির চেয়ারম্যান প্রফেসর ড. মোঃ কুতুব উদ্দীন। ওয়ার্কশপে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগসহ বিভিন্ন বিভাগের শিক্ষক, কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

## আইইএম বিভাগে ওয়ার্কশপ অনুষ্ঠিত



কুয়েটে আইইএম বিভাগে শেয়ারিং অফ সার্ভে রেজাল্টসঃ শীর্ষক ওয়ার্কশপে প্রধান অতিথির বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) ইন্ডাষ্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং এন্ড ম্যানেজমেন্ট (আইইএম) বিভাগে "সেকেন্ড ওয়ার্কশপঃ শেয়ারিং দি সার্ভে রেজাল্টস" শীর্ষক ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়েছে। ১৫ মে সোমবার আইইএম বিভাগের সেল্ফ এ্যাসেসমেন্ট কমিটির আয়োজনে ওয়ার্কশপটি বিভাগের সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয়। সকাল ১০টায় ওয়ার্কশপের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। বিশেষ অতিথি ছিলেন মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মিহির রঞ্জন হালদার এবং আইকিউএসি'র পরিচালক প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। সভাপতিত্ব করেন আইইএম বিভাগের বিভাগীয় প্রধান ও বিভাগের সেল্ফ এ্যাসেসমেন্ট কমিটির সভাপতি সুব্রত তলাপাত্র। অনুষ্ঠানে স্বাগত বক্তৃতা করেন আইইএম বিভাগের সহকারী অধ্যাপক ড. মোঃ রফিকুল ইসলাম। ওয়ার্কশপে আইইএম বিভাগসহ বিভিন্ন বিভাগের শিক্ষক, কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

## ইসিই বিভাগের শিক্ষার্থীদের নবীন বরণ ও বিদায় অনুষ্ঠিত



কুয়েটে ইসিই বিভাগের শিক্ষার্থীদের নবীন বরণ ও বিদায় সংবর্ধনা অনুষ্ঠানে বিদায়ী শিক্ষার্থীদের হাতে ক্রেস্ট তুলে দেন প্রধান অতিথি ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। ১৮ এপ্রিল মঙ্গলবার বিকালে বিশ্ববিদ্যালয়ের অডিটরিয়ামে ইসিই এ্যাসোসিয়েশনের আয়োজনে এ্যাসোসিয়েশনের সভাপতি ড. মনির হোসেন এর সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন খুলনা শিপইয়ার্ড লিমিটেড এর ম্যানেজিং ডাইরেক্টর কমোডর কে কামরুল হাসান, ইইই অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ রফিকুল ইসলাম, ইসিই বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মোঃ ফারুক হোসেন।

## লেদার ইঞ্জিনিয়ারিং বিভাগের শিক্ষার্থীদের বিদায় সংবর্ধনা ও নবীন বরণ অনুষ্ঠিত



কুয়েটে লেদার ইঞ্জিনিয়ারিং বিভাগের শিক্ষার্থীদের বিদায় সংবর্ধনা অনুষ্ঠানে বিদায়ী শিক্ষার্থীদের ক্রেস্ট প্রদান করেন প্রধান অতিথি ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। ১১ মে বৃহস্পতিবার বিকালে লেদার ইঞ্জিনিয়ারিং এসোসিয়েশনের সভাপতি ড. মোঃ আবুল হাসেম এর সভাপতিত্বে ২০১২ ব্যাচের শিক্ষার্থীদের বিদায় সংবর্ধনা ও ২০১৬ ব্যাচের শিক্ষার্থীদের নবীনবরণ অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তৃতা করেন সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ মাহবুব আলম, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মিহির রঞ্জন হালদার, পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. সোবহান মিয়া।

## আইইএম বিভাগের শিক্ষার্থীদের নবীন বরণ ও বিদায় অনুষ্ঠান অনুষ্ঠিত



কুয়েটে আইইএম বিভাগের শিক্ষার্থীদের বিদায় সংবর্ধনা অনুষ্ঠানে বিদায়ী শিক্ষার্থীদের ক্রেস্ট প্রদান করেন প্রধান অতিথি বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। ২৪ এপ্রিল সোমবার বিকালে বিশ্ববিদ্যালয়ের অডিটরিয়ামে আইইএম বিভাগের বিভাগীয় প্রধান সুব্রত তলাপাত্র এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মিহির রঞ্জন হালদার।

## "আইডিয়া কাজে না লাগালে তা মূল্যহীন"

(৩য় পৃষ্ঠার পর) সেমিনারে ইনভাইটেড টক প্রদান করেন ফ্যাব ল্যাব ঢাকার ফাউন্ডিং মেম্বার মোহাম্মদ তৌসেফ অনোয়ার এবং ইউবিআইটিআরআইএক্স ইন্সুরেন্স, ইউএসএ'র সিইও মোঃ মিফতাহ উদ্দিন। সেমিনারে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগ ও শিক্ষাবর্ষের আড়াই শতাধিক শিক্ষার্থী, বিভিন্ন বিভাগের শিক্ষক ও কর্মকর্তাবৃন্দ অংশগ্রহণ করেন।

## সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের শিক্ষার্থীদের বিদায় সংবর্ধনা ও নবীন বরণ অনুষ্ঠিত



কুয়েটে সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের শিক্ষার্থীদের নবীন বরণ ও বিদায় সংবর্ধনা অনুষ্ঠানে বিদায়ী শিক্ষার্থীদের হাতে ক্রেস্ট তুলে দেন প্রধান অতিথি বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। ০৯ মে মঙ্গলবার বিকালে সিভিল ইঞ্জিনিয়ারিং এসোসিয়েশনের সভাপতি প্রফেসর ড. মুহাম্মাদ হারুনুর রশীদ এর সভাপতিত্বে ২০১২ ব্যাচের শিক্ষার্থীদের বিদায় সংবর্ধনা ও ২০১৬ ব্যাচের শিক্ষার্থীদের নবীনবরণ অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তৃতা করেন সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ মাহবুব আলম, পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. সোবহান মিয়া, প্রফেসর ড. মোঃ মঞ্জুর হোসেন।

## ইএসই বিভাগের শিক্ষার্থীদের নবীন বরণ অনুষ্ঠিত




কুয়েটে ইএসই বিভাগের শিক্ষার্থীদের নবীন বরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। ১৫ মে সোমবার বিকালে ইএসই বিভাগের প্রধান প্রফেসর ড. মোহাম্মদ আরিফুল ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মিহির রঞ্জন হালদার, ইনস্টিটিউট অব এনভাইরনমেন্ট এন্ড পাওয়ার টেকনোলজী (আইপিটি) এর পরিচালক প্রফেসর ড. এ এন এম মিজানুর রহমান, সামিট অয়েল এন্ড শিপিং কোম্পানী লিমিটেড এর ম্যানেজিং ডাইরেক্টর ইঞ্জিঃ এম হাফিজুর রহমান, পি.ইঞ্জ.।

## ইইই বিভাগের শিক্ষার্থীদের বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত



কুয়েটে ইইই বিভাগের শিক্ষার্থীদের বিদায় সংবর্ধনা অনুষ্ঠানে বিদায়ী শিক্ষার্থীদের মানপত্র হস্তান্তর করেন প্রধান অতিথি বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। ১৬ মে মঙ্গলবার বিকালে ইইই এসোসিয়েশনের সভাপতি প্রফেসর ড. মহিউদ্দিন আহমাদ এর সভাপতিত্বে বিভাগের ২০১২ ব্যাচের শিক্ষার্থীদের বিদায় সংবর্ধনা অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন ইইই অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ আব্দুর রফিক। অনুষ্ঠানে ইইই বিভাগের প্রফেসর ড. বাসুদেব চন্দ্র ঘোষ, প্রফেসর ড. মোঃ নূরুন্নবী মোল্লা এবং বিদায়ী শিক্ষার্থীসহ বিভিন্ন ব্যাচের শিক্ষার্থীরা বক্তৃতা করেন।

## ইয়ুথ সামিট ৩

(শেষ পৃষ্ঠার পর) দিক নির্দেশনা প্রদান করেন। ইয়ুথ সামিটে কুয়েটের শিক্ষক, কর্মকর্তা ও শিক্ষার্থীসহ বিভিন্ন প্রতিষ্ঠানের শিক্ষার্থী এবং বিভিন্ন শ্রেণী পেশার সহস্রাধিক অংশগ্রহণকারী অংশগ্রহণ করেন। ক্যারিয়ার ফর ডেভেলপিং ম্যানেজমেন্ট এক্সিলেন্স (সিডিএমই) এর আয়োজনে অনুষ্ঠানের সহযোগী হিসেবে ছিলো খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, এসুরেন্স ডেভেলপমেন্ট, এক্সপ্রেস ওয়ান, পাইলট, ফস্টার ক্লার্কস, গাজী মেডিকেল কলেজ হসপিটাল এবং রোটারী ক্লাব।

## বিইসিএম বিভাগের শিক্ষার্থীদের নবীন বরণ অনুষ্ঠিত



কুয়েটে বিইসিএম বিভাগের শিক্ষার্থীদের নবীন বরণ অনুষ্ঠানে নবীন শিক্ষার্থীদের ফুল দিয়ে বরণ করে নেন প্রধান অতিথি বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। ১৫ মে সোমবার বিকালে ১৬ ব্যাচের শিক্ষার্থীদের নবীন বরণ অনুষ্ঠানে বিভাগের প্রধান ড. কাজী এ বি এম মহিউদ্দিন এর সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ মাহবুব আলম এবং পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. সোবহান মিয়া। এসময় বিইসিএম বিভাগের সহকারী অধ্যাপক মোঃ ইকরামুল হক, প্রভাষক মোঃ হামিদুল ইসলাম ও মিজানুর রহমান এবং বিভিন্ন ব্যাচের শিক্ষার্থীরা বক্তব্য প্রদান করেন।

## টিই বিভাগের শিক্ষার্থীদের বিদায় সংবর্ধনা ও নবীন বরণ অনুষ্ঠিত



কুয়েটে টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বিভাগের শিক্ষার্থীদের বিদায় সংবর্ধনা ও নবীন বরণ অনুষ্ঠানে বিদায় গ্রাজুয়েটদের হাতে ক্রেস্ট তুলে দেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। ২২ মে সোমবার বিকালে ২০১২ ব্যাচের শিক্ষার্থীদের বিদায় সংবর্ধনা ও ২০১৬ ব্যাচের শিক্ষার্থীদের নবীনবরণ অনুষ্ঠানে বিভাগীয় প্রধান ড. মোহাম্মদ আবদুল জলিল এর সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ মাহবুব আলম এবং মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মিহির রঞ্জন হালদার।

## বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের শিক্ষার্থীদের বিদায় সংবর্ধনা ও নবীন বরণ অনুষ্ঠিত




কুয়েটে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের শিক্ষার্থীদের নবীন বরণ ও বিদায় সংবর্ধনা অনুষ্ঠানে বিদায়ী শিক্ষার্থীদের হাতে মানপত্র তুলে দেন প্রধান অতিথি ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। ৩০ মার্চ বুধবার রাতে হলের ২০১২ ব্যাচের ছাত্রদের বিদায় সংবর্ধনা ও ২০১৬ ব্যাচের ছাত্রদের নবীনবরণ অনুষ্ঠানে হলের প্রভোষ্ট প্রফেসর ড. পল্লব কুমার চৌধুরী এর সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. সোবহান মিয়া।

## অমর একুশে হলের শিক্ষার্থীদের বিদায় সংবর্ধনা ও নবীন বরণ অনুষ্ঠিত




কুয়েটে অমর একুশে হলের শিক্ষার্থীদের নবীন বরণ ও বিদায় সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। ৩০ মার্চ ২০১৭ বৃহস্পতিবার বিকালে অমর একুশে হলের ২০১২ ব্যাচের ছাত্রদের বিদায় সংবর্ধনা ও ২০১৬ ব্যাচের ছাত্রদের নবীনবরণ অনুষ্ঠানে হলের প্রভোষ্ট প্রফেসর ড. মোঃ বজলার রহমান এর সভাপতিত্বে বিশেষ অতিথির বক্তৃতা করেন পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. সোবহান মিয়া।

## রোকেয়া হলে নবীন বরণ, বিদায় সংবর্ধনা ও নারী দিবস পালিত




খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) রোকেয়া হলে '১৬ ব্যাচের শিক্ষার্থীদের নবীন বরণ, '১২ ব্যাচের শিক্ষার্থীদের বিদায় সংবর্ধনা ও আর্ন্তজাতিক নারী দিবস পালিত হয়েছে। ০৮ মার্চ সন্ধ্যা ৭টায় বিশ্ববিদ্যালয়ের রোকেয়া হল কর্তৃক আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। এসময় তিনি বলেন, নারীরা এখন আর পিছিয়ে নেই, সর্বক্ষেত্রেই তাদের বিচরণ পুরুষদের সমানতালে এগিয়ে চলেছে। দেশের সার্বিক উন্নয়নের জন্য নারীদেরকে সুশিক্ষায় শিক্ষিত হতে হবে। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন রোকেয়া হলের ভারপ্রাপ্ত প্রভোস্ট সুহেলী শায়লা আহমদ। বিশেষ অতিথির বক্তৃতা করেন সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব আমিনুল ইসলাম, কুয়েট ভাইস-চ্যান্সেলর এর সহধর্মীনী মেহেরুন্নেসা লতা, পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. সোবহান মিয়া।

## রশীদ হলের শিক্ষার্থীদের বিদায় সংবর্ধনা ও নবীন বরণ অনুষ্ঠিত



কুয়েটে রশীদ হলের শিক্ষার্থীদের বিদায় সংবর্ধনা ও নবীন বরণ অনুষ্ঠানে বিদায়ী শিক্ষার্থীদের মানপত্র প্রদান করেন প্রধান অতিথি বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। ১১ এপ্রিল মঙ্গলবার বিকালে ড. এম এ রশীদ হলের ২০১২ ব্যাচের ছাত্রদের বিদায় সংবর্ধনা ও ২০১৬ ব্যাচের ছাত্রদের নবীনবরণ অনুষ্ঠানে হলের প্রভোষ্ট ড. পিন্টু চন্দ্র শীল এর সভাপতিত্বে বিশেষ অতিথির বক্তৃতা করেন পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. সোবহান মিয়া।

## ন্যাশনাল পাওয়ার এন্ড এনার্জি হ্যাকার্থন ২০১৭ চ্যাম্পিয়ান

(১০ম পৃষ্ঠার পর) এবং প্রত্যেকে একটি করে পদক এবং সার্টিফিকেট গ্রহণ করেন। প্রতিযোগিতায় শিক্ষার্থীদের উদ্ভাবনী এই "স্মার্ট পল্ট্রি ফার্ম" প্রজেক্টের প্রধান বিশেষত্ব- বায়োগ্যাস প্লান্টের মাধ্যমে মুরগীর বিষ্ঠা থেকে বিদ্যুৎ উৎপাদন ও বিষ্ঠা জৈবিক সারে রুপান্তর, হলুদ বাল্বের পরিবর্তে এলইডি বাল্ব ব্যবহার, অটোমেটিক তাপমাত্রা ও আর্দ্রতা নিয়ন্ত্রণ ইত্যাদি।

## ফজলুল হক হলের শিক্ষার্থীদের নবীন বরণ ও বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত



কুয়েটে ফজলুল হক হলের শিক্ষার্থীদের নবীন বরণ ও বিদায় সংবর্ধনা অনুষ্ঠানে বিদায়ী গ্রাজুয়েটদের হাতে ক্রেস্ট তুলে দেন প্রধান অতিথি বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। ১২ এপ্রিল বুধবার রাতে ২০১৬ ব্যাচের ছাত্রদের নবীনবরণ ও ২০১২ ব্যাচের ছাত্রদের বিদায় সংবর্ধনা অনুষ্ঠানে হল প্রভোস্ট প্রফেসর ড. মোস্তাফিজুর রহমানের সভাপতিত্বে বিশেষ অতিথির বক্তৃতা করেন বিইসিএম বিভাগের বিভাগীয় প্রধান ড. কাজী আবু বকর মোহাম্মদ মহিউদ্দিন।

## বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলে বার্ষিক প্রীতিভোজ ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত



কুয়েটে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলে বার্ষিক প্রীতিভোজ ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে পুরস্কার বিতরণ করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। ২৫ জানুয়ারি বুধবার রাতে বার্ষিক প্রীতিভোজ ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে হল প্রভোষ্ট প্রফেসর ড. পল্লব কুমার চৌধুরীর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. সোবহান মিয়া।

## লালন শাহ্ হলের শিক্ষার্থীদের নবীন বরণ ও বিদায় সংবধনা অনুষ্ঠিত



কুয়েটে লালন শাহ্ হলের শিক্ষার্থীদের নবীন বরণ ও বিদায় সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। ১৪ মার্চ মঙ্গলবার সন্ধ্যায় '১২ ব্যাচের ছাত্রদের বিদায় সংবর্ধনা ও '১৬ ব্যাচের ছাত্রদের নবীন বরণ অনুষ্ঠানে হল প্রভোষ্ট ড. মোঃ জহির উদ্দিন এর সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের প্রভোস্ট প্রফেসর ড. পল্লব কুমার চৌধুরী, ছাত্র কল্যাণ কার্যালয়ের সহকারী পরিচালক বিষ্ণু সরকার।

## লালন শাহ্ হলে বার্ষিক প্রীতিভোজ ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত



লালন শাহ্ হলে বার্ষিক প্রীতিভোজ ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে পুরস্কার বিতরণ করেন প্রধান অতিথি বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। ০৩ জানুয়ারি রাতে হলের প্রভোষ্ট ড. মোঃ জহির উদ্দিন এর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. সোবহান মিয়া।

## কুয়েটে চালু হলো "ডিস্টেন্স লারনিং থিয়েটার"



কুয়েটের বিজ্ঞান ভবনের গ্যালারিতে "ডিস্টেন্স লারনিং থিয়েটার"এর শুভ উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েটে) বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের হেকেপ প্রকল্পের বিডিরেন এর আওতায় ও অর্থায়নে "ডিস্টেন্স লারনিং থিয়েটার" চালু হয়েছে। ০৯ জানুয়ারি সোমবার সকাল সাড়ে ১০টায় বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এর শুভ উদ্বোধন করেন। এসময় অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন আইআইসিটি এর পরিচালক প্রফেসর ড. বাসুদেব চন্দ্র ঘোষ ও সিএসই বিভাগের প্রফেসর ড. কে এম আজহারুল হাসান। দেশের অন্যান্য পাবলিক বিশ্ববিদ্যালয়সহ দেশের বাইরের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের সাথে ডিস্টেন্স লারনিং থিয়েটারের মাধ্যমে ভিডিও কনফারেন্সে ক্লাস করা যাবে। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডীন, ইনস্টিটিউট পরিচালক, বিভাগীয় প্রধান, পরিচালক, হল প্রভোষ্ট, শিক্ষক ও কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

## জাতীয় হাইস্কুল প্রোগ্রামিং প্রতিযোগিতা ২০১৭ অনুষ্ঠিত



"জাতীয় হাইস্কুল প্রোগ্রামিং প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) খুলনা অঞ্চলের "জাতীয় হাইস্কুল প্রোগ্রামিং প্রতিযোগিতা ২০১৭" অনুষ্ঠিত হয়েছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের উদ্যোগে খুলনার বিভিন্ন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের অংশগ্রহনে প্রোগ্রামিং ও কুইজ প্রতিযোগিতার উদ্বোধনী অনুষ্ঠান ১০ মার্চ শুক্রবার সকাল সাড়ে ৮টায় কুয়েটের অডিটরিয়াম প্রাঙ্গণে এবং দুপুর ১২টায় অডিটরিয়ামে সমাপনী অনুষ্ঠানে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণের মাধ্যমে শেষ হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। প্রধান অতিথি তাঁর বক্তৃতায় বলেন, বাংলাদেশের নবীন প্রোগ্রামাররাই ভবিষ্যতে তথ্য-প্রযুক্তিতে বিশ্বকে নেতৃত্ব দিবে। আমাদের দেশের ছেলে-মেয়েরা একদিন ফেসবুক বা টুইটারের মত কিংবা এর চেয়েও ভাল কিছু আবিস্কার করবে। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কুয়েটের সিএসই এ্যাসোসিয়েশনের সভাপতি প্রফেসর ড. এম এম এ হাসেম। সভাপতিত্ব করেন কুয়েটের সিএসই বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মোহাম্মদ শেখ সাদী। কুইজ প্রতিযোগিতায় তিনটি ক্যাটাগরিতে সাত শতাধিক এবং প্রোগ্রামিং প্রতিযোগিতায় দুইটি ক্যাটাগরিতে এক শতাধিক শিক্ষার্থী অংশগ্রহণ করে। কুইজ প্রতিযোগিতায় মোট ৫০ জন এবং প্রোগ্রামিং প্রতিযোগিতায় মোট ২০ জন বিজয়ী হয়।

## যথাযোগ্য মর্যাদায় মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদ্‌যাপিত

(১৫ পৃষ্ঠার পর) করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। এছাড়া সাড়ে ১০টায় খেলার মাঠে শিক্ষক ও ছাত্রদের মধ্যে প্রীতি ক্রিকেট ম্যাচ, ৫টায় অডিটরিয়ামে মুক্তিযুদ্ধবিষয়ক চলচিত্র প্রদর্শনী, আসর বাদ বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় জামে মসজিদে দোয়া মাহ্‌ফিল অনুষ্ঠিত হয়। সন্ধ্যায় বিশ্ববিদ্যালয়ের অডিটরিয়ামে আলোচনা সভায় পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. সোবহান মিয়ার সভাপতিত্বে প্রধান অতিথির বক্তৃতা করেন ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। আলোচনা শেষে সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

## কুয়েটে প্রস্তাবিত হাই-টেক পার্কের নির্ধারিত স্থান পরিদর্শনে আইসিটি ডিভিশনের যুগ্ম সচিব



কুয়েট প্রস্তাবিত হাই-টেক পার্কের জন্য নির্ধারিত স্থান পরিদর্শন করেন আইসিটি ডিভিশনের যুগ্ম-সচিব মোঃ বিল্লাল হোসেন এসময় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীরসহ সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) প্রস্তাবিত হাই-টেক পার্কের জন্য নির্ধারিত স্থান পরিদর্শন করেছেন ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের আইসিটি ডিভিশনের যুগ্ম-সচিব মোঃ বিল্লাল হোসেন। ২৯ মার্চ বুধবার সকাল ১১টায় কুয়েট ভাইস-চ্যান্সেলর এর কার্যালয়ে ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এর সাথে বৈঠক শেষে বিশ্ববিদ্যালয়ের অভ্যন্তরস্থ হাই-টেক পার্কের নির্ধারিত স্থান পরিদর্শন করেন আইসিটি ডিভিশনের যুগ্ম-সচিব মোঃ বিল্লাল হোসেন। এসময় তিনি কুয়েটে প্রস্তাবিত হাই-টেক পার্কের জন্য নির্ধারিত স্থানের বর্তমান চিত্র পরিদর্শন করে সন্তোষ প্রকাশ করেন। এসময় উপস্থিত ছিলেন সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ মাহবুব আলম, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মিহির রঞ্জন হালদার, ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ আব্দুর রফিক, পরিচালক (আইআইসিটি) প্রফেসর ড. বাসুদেব চন্দ্র ঘোষ, পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার, প্রধান প্রকৌশলী এ বি এম মামুনুর রশীদ, রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) জি এম শহিদুল আলম প্রমূখ।

## ন্যাশনাল পাওয়ার এন্ড এনার্জি হ্যাকার্থন ২০১৭ চ্যাম্পিয়ান কুয়েট শিক্ষার্থীদের ভাইস-চ্যান্সেলরের সাথে সৌজন্য স্বাক্ষাত




ন্যাশনাল পাওয়ার এন্ড এনার্জি হ্যাকার্থন ২০১৭ এ চ্যাম্পিয়ান কুয়েট মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের শিক্ষার্থীদের মাঝে বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এর সাথে সৌজন্য স্বাক্ষাত করেছেন ন্যাশনাল পাওয়ার এন্ড এনার্জি হ্যাকার্থন ২০১৭-এ পুরস্কারপ্রাপ্ত কুয়েটের মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের শিক্ষার্থীরা। ২৫ এপ্রিল মঙ্গলবার দুপুর ০১টায় ভাইস-চ্যান্সেলর এর কার্যালয়ে এ সৌজন্য স্বাক্ষাত অনুষ্ঠিত হয়। এসময় ভাইস-চ্যান্সেলর শিক্ষার্থীদের অভিনন্দন জানান এবং তাদের গবেষণা সংক্রান্ত সকল সহযোগিতার আশ্বাস দেন। বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় কর্তৃক আয়োজিত গত ১৯-২০ এপ্রিল ঢাকায় ইন্টারন্যাশনাল কনভেনশন সেন্টার বসুন্ধরায় অনুষ্ঠিত ন্যাশনাল পাওয়ার এন্ড এনার্জি হ্যাকার্থন ২০১৭-এ কুয়েট থেকে প্রতিযোগিতায় অংশগ্রহণকারী চ্যাম্পিয়ান "টেকনো-জিনিয়াস" নামে এই দলটিতে ছিলেন যন্ত্রকৌশল বিভাগের '১৩ ব্যাচের আব্দুল্লাহ আল মুসাব্বির ও জিশান মমতাজ, '১৪ ব্যাচের মোঃ মৃদুল খন্দকার ও সৌরভ বড়ুয়া। প্রতিযোগিতায় দলটি হাউজহোল্ড এনার্জি ইফিসিয়েনসি ক্যাটাগরিতে "স্মার্ট পল্ট্রি ফার্ম" নামে একটি প্রজেক্ট প্রদর্শন করে চ্যাম্পিয়ান হওয়ার গৌরব অর্জন করেন এবং দলীয় চ্যাম্পিয়ন ক্রেস্ট, ৫০,০০০ টাকা প্রাইজ মানি (৮ম পৃষ্ঠায় দেখুন)

## ডব্লিউআরই (WRE) ফেস্টিভেল ২০১৭ কুয়েটের শিক্ষার্থীদের ১ম স্থান অর্জন



ইন্টার ইউনিভার্সিটি হাইড্রোলিক্স অলিম্পিয়াড এন্ড পোষ্টার প্রেজেন্টেশন কম্পিটিশন ২০১৭-এ প্রথম স্থান অধিকারি দলটি ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এর সাথে সৌজন্য স্বাক্ষাত করেন।

ইন্টার ইউনিভার্সিটি হাইড্রোলিক্স অলিম্পিয়াড এন্ড পোষ্টার প্রেজেন্টেশন কম্পিটিশন (ডব্লিউআরই/WRE) ২০১৭-এ প্রথম স্থান অধিকার করেছে খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) শিক্ষার্থীরা। ০২ মে মঙ্গলবার দুপুর ১:৩০ টায় কুয়েট ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এর সাথে বিজয়ী শিক্ষার্থীরা স্বাক্ষাত করেন। শিক্ষার্থীরা হলেন আরবান এন্ড রিজিওনাল প্লানিং (ইউআরপি) বিভাগের ৪র্থ বর্ষের রাশেদ উজ জামান ও ফারাহ শামিমা সুলতানা এবং ৩য় বর্ষের ফরিদা তাবাসসুম। এসময় ইউআরপি বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মোঃ মোস্তফা সারোয়ার, পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. সোবহান মিয়া, রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) জি এম শহিদুল আলম, সহকারী পরিচালক (ছাত্র কল্যাণ) বিষ্ণু সরকার উপস্থিত ছিলেন। বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) ওয়াটার রিসোর্সেস ইঞ্জিনিয়ারিং এর স্টুডেন্টস এসোসিয়েশন কর্তৃক আয়োজিত শাহ সিমেন্ট ইন্টার-ইউনিভার্সিটি হাইড্রোলিক্স অলিম্পিয়াড এন্ড পোষ্টার প্রেজেন্টেশন প্রতিযোগিতাটি ২২ এপ্রিল বুয়েটে অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতায় অংশগ্রহণকারী কুয়েট দলের সার্বিক তত্ত্বাবধানে ছিলেন বিশ্ববিদ্যালয়ের ইউআরপি বিভাগের সহকারী অধ্যাপক ড. মোঃ মনজুর মোর্শেদ। কুয়েট শিক্ষার্থীদের উদ্ভাবিত স্যালাইনিটি ডিটেকশন পদ্ধতি কম খরচে এবং সহজে বিভিন্ন সময়ের সাপেক্ষে জমির ব্যবহার পরিবর্তন এবং লবনাক্ততার পরিবর্তন ম্যাপিং করতে সক্ষম।

## কুয়েটে গেট্‌স ফাউন্ডেশন ও এসএনভি এর প্রতিনিধি দল



ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এর সাথে বিল এন্ড মেলিন্ডা গেট্‌স ফাউন্ডেশন ও এসএনভি নেদারল্যান্ডস ডেভেলপমেন্টস অরগানাইজেশন এর উচ্চপদস্থ প্রতিনিধি দল।

বিল এন্ড মেলিন্ডা গেট্‌স ফাউন্ডেশন (বিএমজিএফ) ও এসএনভি নেদারল্যান্ডস ডেভেলপমেন্ট অরগানাইজেশন এর উচ্চপদস্থ প্রতিনিধি দল খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) পরিদর্শন করেছেন। পরিদর্শনকালে ২৭ মার্চ সকাল সাড়ে ৮টায় ভাইস-চ্যান্সেলর এর কার্যালয়ে ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এর সাথে এক সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত ছিলেন ব্রিয়ান আরবোগাস্ট, ডিরেক্টর, ওয়াটার, স্যানিটেশন এন্ড হাইজিন প্রোগ্রাম, গ্লোবাল ডেভেলপমেন্ট, বিএমজিএফ, ডেনিস মাওয়ানজা, ডেপুটি ডিরেক্টর, ওয়াটার, স্যানিটেশন এন্ড হাইজিন, বিএমজিএফ, ড. রোশন সেরেন্তা, টেকনিক্যাল লিড সাউথ এশিয়া, ওয়াটার, স্যানিটেশন এন্ড হাইজিন প্রোগ্রাম, গ্লোবাল ডেভেলপমেন্ট, বিএমজিএফ, মেগান রিটচি, ম্যানেজিং ডিরেক্টর, ওয়াসা, এসএনভি নেদারল্যান্ডস ডেভেলপমেন্ট অরগানাইজেশন, জাসন বিলানগার, কান্ট্রি ডিরেক্টর, বাংলাদেশ, এসএনভি নেদারল্যান্ডস ডেভেলপমেন্ট অরগানাইজেশন, রাজিভ মুনানকামি, সিনিয়র এ্যাডভাইজার এন্ড টিম লিডার এফএসএম প্রোগ্রাম, মোঃ শহিদুল ইসলাম, ইঞ্জিনিয়ারিং এ্যাডভাইজার, এফএসএম প্রোগ্রাম, সাহিদুল ইসলাম, গভন্যান্স (১৬ পৃষ্ঠায় দেখুন)

## শিক্ষক সমিতির বার্ষিক কার্যনির্বাহী পরিষদ নির্বাচন অনুষ্ঠিত

# বিজয়ীদের ভাইস-চ্যান্সেলরের সাথে সৌজন্য সাক্ষাৎ



কুয়েটে ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এর সাথে সৌজন্য সাক্ষাৎ করছেন শিক্ষক সমিতির বার্ষিক কার্যনির্বাহী পরিষদ নির্বাচনে নির্বাচিত নেতৃবৃন্দ।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) শিক্ষক সমিতির বার্ষিক কার্যনির্বাহী পরিষদ নির্বাচনে পদার্থ বিজ্ঞান বিভাগের প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার সভাপতি এবং মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. সোবহান মিয়া সাধারণ সম্পাদক নির্বাচিত হয়েছেন। ০৮ ফেব্রুয়ারি বিকাল ৩টা থেকে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ক্লাবে সংগঠনের বার্ষিক কার্যনির্বাহী পরিষদ নির্বাচন-২০১৭ ও বার্ষিক সাধারণ সভা (এজিএম) অনুষ্ঠিত হয়। নির্বাচনে পদার্থ বিজ্ঞান বিভাগের প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার সভাপতি হিসেবে নির্বাচিত হন। নির্বাচনে সহ-সভাপতি পদে প্রফেসর ড. মোঃ মোস্তফা সারোয়ার, সহ-সাধারণ সম্পাদক পদে মোঃ ইকরামুল হক, কোষাধ্যক্ষ পদে মোঃ গোলাম কিবরিয়া, ক্রীড়া ও সাংস্কৃতিক সম্পাদক পদে মোঃ মাহবুবুর রহমান এবং সদস্য পদে প্রফেসর ড. পল্লব কুমার চৌধুরী, ড. পিন্টু চন্দ্র শীল ও ড. মোহাম্মদ আবদুল জলিল নির্বাচিত হয়েছেন। নির্বাচনে ২৩০ জন ভোটারের মধ্যে ২০৫ জন ভোটার ভোট প্রদান করেন। নির্বাচন কমিশনার হিসেবে দায়িত্ব পালন করেন বিশ্ববিদ্যালয়ের মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ডঃ মিহির রঞ্জন হালদার ও সহকারী নির্বাচন কমিশনার হিসেবে দায়িত্ব পালন করেন রসায়ন বিভাগের প্রফেসর ড. মোহাম্মদ আবু ইউসুফ। পরবর্তীতে ০৯ ফেব্রুয়ারি বৃহস্পতিবার সকাল সাড়ে ১১টায় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এর সাথে সৌজন্য সাক্ষাৎ করেন শিক্ষক সমিতির কার্যনির্বাহী পরিষদের নব-নির্বাচিত নেতৃবৃন্দ। ভাইস-চ্যান্সেলর বিজয়ী শিক্ষকদের শুভেচ্ছা জানান এবং তাদের নেতৃত্বে বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা এগিয়ে যাবে বলে তিঁনি আশা প্রকাশ করেন।

# গণিত ফোরামের বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত




কুয়েটে গণিত ফোরাম খুলনা এর ৭ম বার্ষিক সাধারণ সভায় প্রধান অতিথির বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) গণিত ফোরাম খুলনা এর ৭ম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়েছে। ১০ মার্চ শুক্রবার সকাল ১০টায় বিশ্ববিদ্যালয়ের ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং (ইইই) বিভাগের সেমিনার কক্ষে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। বিশেষ অতিথি ছিলেন গণিত ফোরাম খুলনা এর সভাপতি প্রফেসর হারুনুর রশীদ এবং সভাপতিত্ব করেন অনুষ্ঠানের আহবায়ক কুয়েটের গণিত বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. এম এম তৌহিদ হোসেন। সভায় গণিত ফোরাম খুলনার সদস্যগণ উপস্থিত ছিলেন।

# কুয়েটে প্রস্তাবিত হাই-টেক পার্ক পরিদর্শনে বাংলাদেশ হাইটেক পার্ক অথরিটি'র প্রতিনিধি দল



বাংলাদেশ হাইটেক পার্ক অথরিটি এর বিশেষজ্ঞ প্রতিনিধি দলের সঙ্গে কুয়েট ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) প্রস্তাবিত হাই-টেক পার্কের জন্য নির্ধারিত স্থান পরিদর্শন ও তথ্য সংগ্রহে বাংলাদেশ হাইটেক পার্ক অথরিটি এর বিশেষজ্ঞ প্রতিনিধি দল কুয়েট সফর করেছেন। ৩০ এপ্রিল রবিবার সকাল ১০টায় কুয়েট ভাইস-চ্যান্সেলর এর কার্যালয়ে ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এর সাথে বৈঠক শেষে বিশ্ববিদ্যালয়ের অভ্যন্তরস্থ হাই-টেক পার্কের নির্ধারিত স্থান পরিদর্শন করেন প্রতিনিধি দলটি। প্রতিনিধি দলে ছিলেন আর্নস্ট এন্ড ইয়ং এলএলপি, ভারত এর ট্রানসেকশন এ্যাডভাইসরি সার্ভিস এর এসোসিয়েট ভাইস প্রেসিডেন্ট প্রেরনা কুশল সিং এবং বাংলাদেশ হাইটেক পার্ক অথরিটি এর পলিসি ফ্যাসিলিয়েটর আদনান মাশফি। এসময় প্রতিনিধি দলটি কুয়েটে প্রস্তাবিত হাই-টেক পার্কের জন্য নির্ধারিত স্থানের বর্তমান চিত্র পরিদর্শন করে সন্তোষ প্রকাশ করেন। এসময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন আইআইসিটি'র পরিচালক প্রফেসর ড. বাসুদেব চন্দ্র ঘোষ, সিএসই বিভাগের প্রফেসর ড. এম এম এ হাসেম, প্রোগ্রামার মিহিরলাল সরকার প্রমূখ।

# মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত



কুয়েটে মেডিকেল ক্যাম্পের শুভ উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত হয়েছে। ১৭ জানুয়ারি সকাল সাড়ে ৯টায় মেডিকেল সেন্টারে মেডিকেল ক্যাম্প এর উদ্বোধন করেন ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। এসময় পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. সোবহান মিয়া, চীফ মেডিকেল অফিসার ডাঃ রিফাত সুলতানা শেলীসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন। মেডিকেল ক্যাম্পে ফরটিস এসকর্টস হার্ট ইনস্টিটিউট খুলনার সৌজন্যে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের জন্য বিনামূল্যে প্যাথলজি পরীক্ষাসহ বিশেষজ্ঞ চিকিৎসকের চিকিৎসা সেবা প্রদান করা হয়।

## “শিক্ষকরাই পারে জাতিকে উন্নয়নের দিকে এগিয়ে নিতে”


---কুয়েট ভাইস-চ্যান্সেলর



কুয়েটে নতুন যোগদানকৃত বিভিন্ন বিভাগের শিক্ষকদের সাথে বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) যোগদানকৃত বিভিন্ন বিভাগের শিক্ষকদের সাথে দিক নির্দেশনামূলক সভা করেছেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। ০৭ ফেব্রুয়ারি সকাল সাড়ে ১১টায় প্রশাসনিক ভবনের সভাকক্ষে অনুষ্ঠিত সভায় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর-এর সভাপতিত্বে নতুন যোগদানকৃত শিক্ষকরা অংশগ্রহণ করেন। এসময় তিনি বলেন, শিক্ষকরাই পারে জাতিকে উন্নয়নের দিকে এগিয়ে নিতে। অভিভাবকরা শিক্ষকদের ভরসায় তাদের সন্তানদের বিশ্ববিদ্যালয়ে প্রেরণ করেন। দেশের মানুষের চিন্তাকে অবশ্যই আমাদের সম্মান করতে হবে। তিনি আরো বলেন, একজন আদর্শ শিক্ষক শিক্ষার্থীদের অনুকরণীয় ব্যক্তি। এসময় বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) জি এম শহিদুল আলম উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে ভাইস-চ্যান্সেলর নতুন যোগদানকৃত শিক্ষকদের একাডেমিক ও প্রশাসনিক বিভিন্ন বিষয়ের উপর গুরুত্বপূর্ণ দিক নির্দেশনা প্রদান করেন।


## স্নাতক পর্যায়ে রসায়ন, গনিত ও পদার্থ বিজ্ঞান বিভাগ চালু বিষয়ে মতবিনিময়



কুয়েট স্নাতক পর্যায়ে রসায়ন, গনিত ও পদার্থ বিজ্ঞান বিভাগ চালুর সম্ভাব্যতা বিষয়ক এক মত বিনিময় সভায় সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) স্নাতক পর্যায়ে রসায়ন, গনিত ও পদার্থবিজ্ঞান বিভাগ চালুর সম্ভাব্যতা বিষয়ক এক মত বিনিময় সভা বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এর সভাপতিত্বে ০৪ এপ্রিল মঙ্গলবার সকাল ১১টায় বিশ্ববিদ্যালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত হয়েছে। সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মাহবুব আলম এর নেতৃত্বে মতবিনিময় সভায় বিভাগত্রয়ের সিনিয়র শিক্ষকবৃন্দ অংশগ্রহণ করেন। এসময় শিক্ষকবৃন্দ জানান, শিক্ষা প্রতিষ্ঠান হিসেবে এ বিশ্ববিদ্যালয়ের জন্মলগ্ন থেকেই উল্লেখিত বিষয় তিনটি রয়েছে এবং ২০০০ সাল থেকে বিষয় তিনটিতে স্নাতকত্তোর পর্যায়ে এমফিল ও পিএইচডি ডিগ্রী এবং ২০১৪ সাল থেকে এমএসসি ডিগ্রী প্রদান করা হচ্ছে। দেশে এবং বিদেশে বিষয়গুলোর যথেষ্ট চাহিদাও রয়েছে। ফলে এ বিশ্ববিদ্যালয়ে উল্লেখিত বিষয়সমূহে স্নাতক কোর্স চালু হলে দেশের অনেক মেধাবী শিক্ষার্থী এ প্রতিষ্ঠান থেকে ডিগ্রী গ্রহন করতে পারবে। শিক্ষকগণ পরবর্তী সময়ে এ বিষয়গুলিতে যেন স্নাতক কোর্স চালু করা যায় সে বিষয়ে পদক্ষেপ গ্রহনের জন্য ভিসি মহোদয়কে অনুরোধ করেন। ভিসি মহোদয় শিক্ষকগণের প্রস্তাব শোনেন এবং পরবর্তীতে এ বিষয়ে মন্ত্রণালয় ও ইউজিসি কর্তৃপক্ষের সাথে কথা বলবেন বলে তাদেরকে আশ্বস্ত করেন।

## জাকজঁমকপূর্ণভাবে শ্রী শ্রী সরস্বতী পুজা অনুষ্ঠিত



কুয়েটে শ্রী শ্রী সরস্বতী পুজা অনুষ্ঠিত।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) ০১ ফেব্রুয়ারি বুধবার সনাতন হিন্দু ধর্মাবলম্বীদের শ্রী শ্রী সরস্বতী পুজা বিভিন্ন অনুষ্ঠানের মাধ্যমে পালিত হয়েছে। কুয়েট অডিটরিয়াম প্রাঙ্গণে অস্থায়ী পুজা মন্ডপে বিশ্ববিদ্যালয়ের পুজা উদ্যাপন কমিটির সার্বিক আয়োজনে সনাতন হিন্দু ধর্মাবলম্বী শিক্ষক, কর্মকর্তা, শিক্ষার্থী, কর্মচারীসহ অন্যান্যরা স্বতঃস্ফূর্তভাবে শ্রী পঞ্চমী তিথিতে শ্বেতবসনা, বাগ্‌দেবী সরস্বতী দেবীর শুভ আরাধনার অনুষ্ঠানে অংশগ্রহণ করেন। এ সময় অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মিহির রঞ্জন হালদার, পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার, পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. সোবহান মিয়া, পুজা উদ্যাপন কমিটির সভাপতি ও সিএসই বিভাগের সহযোগী অধ্যাপক ড. পিন্টু চন্দ্র শীলসহ বিভিন্ন বিভাগের বিপুল সংখ্যক ছাত্র-ছাত্রী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।

## আইডিএম এর ডিপ্লোমা কোর্সের ওরিয়েন্টেশন অনুষ্ঠিত



কুয়েটে আইডিএম এর ডিপ্লোমা কোর্সের ওরিয়েন্টেশন অনুষ্ঠানে শিক্ষার্থী ও অতিথিবৃন্দের সাথে বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

০৭ মার্চ মঙ্গলবার বিকাল ৩টায় খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) ইনস্টিটিউট অব ডিজাস্টার ম্যানেজমেন্টে (আইডিএম) পোষ্ট গ্রাজুয়েট ডিপ্লোমা এবং প্রোফেশনাল ডিপ্লোমা এর জানুয়ারি সেশনের ওরিয়েন্টেশন ২০১৭ অনুষ্ঠিত হয়েছে। আইডিএম এ অনুষ্ঠিত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। সভাপতিত্ব করেন আইডিএম এর পরিচালক প্রফেসর ড. কাজী হামিদুল বারী। অনুষ্ঠানের সঞ্চালনা করেন আইডিএম এর সহকারী অধ্যাপক এস এম তারিকুল ইসলাম। এসময় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডীন, ইনস্টিটিউট পরিচালক, বিভাগীয় প্রধান, শিক্ষকমন্ডলীসহ আইডিএম এর পোষ্ট গ্রাজুয়েট ডিপ্লোমা এবং প্রোফেশনাল ডিপ্লোমার শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

## যথাযোগ্য মর্যাদায় মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালিত

(শেষ পৃষ্ঠার পর) ও ছাত্র-ছাত্রীগণ, বাংলাদেশ ছাত্রলীগ, কর্মচারী সমিতি (৩য়), কর্মচারী সমিতি (৪র্থ), মাষ্টাররোল কর্মচারী সমিতি, বঙ্গবন্ধু কর্মচারী পরিষদ, কুয়েট ডিবেটিং সোসাইটি, থিয়েটার, ড্রীম, স্বরে-অ'সহ বিভিন্ন ছাত্র সংগঠনের পক্ষ থেকে শহীদ মিনারে পুষ্পমাল্য অর্পণ করা হয়।

এছাড়া সকাল ৯টায় অডিটরিয়ামে শিশুদের চিত্রাংকন প্রতিযোগিতা শেষে পুরস্কার বিতরণ করেন ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এবং আসর বাদ বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় জামে মসজিদে শহীদদের রুহের মাগফেরাত ও দেশের শান্তি, কল্যাণ কামনা করে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

## কুয়েট স্কুলের শিক্ষার্থীদের বিনামূল্যে পাঠ্য বই বিতরণ



সারাদেশের ন্যায় পাঠ্যপুস্তক উৎসবের অংশ হিসেবে কুয়েট ক্যাম্পাসস্থ স্কুলের ছাত্র-ছাত্রীদের মাঝে বিনামূল্যে পাঠ্য বই বিতরণ করেন কুয়েট ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) ক্যাম্পাসস্থ খুলনা ইঞ্জিনিয়ারিং ইউনিভার্সিটি স্কুল ও উন্মেষ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের মাঝে বিনামূল্যে পাঠ্য বই বিতরণ ও সারাদেশের ন্যায় পাঠ্যপুস্তক উৎসব অনুষ্ঠিত হয়েছে। ০১ জানুয়ারি রবিবার সকাল সাড়ে ১০টায় কুয়েটের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে স্কুলের ১ম থেকে ৯ম শ্রেণী পর্যন্ত ছাত্র-ছাত্রীদের হাতে পাঠ্যবই তুলে দেন। এ সময় এক সংক্ষিপ্ত বক্তৃতায় কুয়েট ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর নতুন বছরের প্রথম দিনেই ছাত্র-ছাত্রীদের হাতে বিনামূল্যে পাঠ্য বই তুলে দিতে পারায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও শিক্ষা মন্ত্রণালয়সহ সংশ্লিষ্ট সকলের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। তিনি শিক্ষার্থীদের পড়াশুনার পাশাপাশি খেলাধূলা ও শরীরচর্চা করা এবং বসবাসের স্থান ও বিদ্যালয়কে (১৬ পৃষ্ঠায় দেখুন)

## ক্যাম্পাসস্থ স্কুলসমূহের বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা অনুষ্ঠিত



ক্যাম্পাসস্থ স্কুলসমূহের বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতায় প্রধান অতিথি হিসেবে উদ্বোধন করেন ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

২৭ জানুয়ারি শুক্রবার সকাল ৯টায় খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) ক্যাম্পাসস্থ খুলনা ইঞ্জিনিয়ারিং ইউনিভার্সিটি স্কুল ও উন্মেষ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের দুই দিনব্যপি বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা ২০১৭ এর উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। উদ্বোধনী অনুষ্ঠানে খুলনা ইঞ্জিনিয়ারিং ইউনিভার্সিটি স্কুল এর প্রধান শিক্ষক টি এম ছানাউর রহমানের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উন্মেষ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সভাপতি ও কুয়েটের লাইব্রেরীয়ান মোঃ আক্কাস উদ্দিন পাঠান। অন্যান্য অতিথির মধ্যে উপস্থিত ছিলেন কুয়েটের মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রাক্তন প্রফেসর ড. নাসিম আহমেদ, পদার্থ বিজ্ঞান বিভাগের প্রফেসর ড. জলী সুলতানা, রসায়ন বিভাগের প্রফেসর ড. মোহাম্মদ আবু ইউসুফ। এসময় উন্মেষ সরকারি প্রাথমিক বিদ্যালয় এর প্রধান শিক্ষক মোঃ আকবর হোসেন সরদার, খুলনা ইঞ্জিনিয়ারিং ইউনিভার্সিটি স্কুল (প্রাথমিক) এর প্রধান শিক্ষক মোসাঃ রাজিয়া সুলতানাসহ স্কুলের শিক্ষকমন্ডলী, অভিভাবকবৃন্দ, ছাত্র-ছাত্রীসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন। এছাড়া, ২৮ জানুয়ারি শনিবার সকাল ১১ টায় বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা ২০১৭ এর পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর উপস্থিত থেকে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন।

## ৭১ এর "গণহত্যা দিবস" স্মরণে কুয়েটে আলোর মিছিল ও আলোচনা সভা অনুষ্ঠিত



কুয়েটে '৭১ এর "গণহত্যা দিবস" স্মরণে আলোর মিছিলের নেতৃত্ব দেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর ।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) '৭১ এর "গণহত্যা দিবস" স্মরণে ২৫ মার্চ সন্ধ্যায় আলোর মিছিল ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। কুয়েট ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এর নেতৃত্বে মোমবাতি হাতে আলোর মিছিলে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণ অংশগ্রহণ করেন। আলোর মিছিলটি অডিটরিয়ামের সামনে থেকে শুরু হয়ে ক্যাম্পাস প্রদক্ষীণ শেষে একই স্থানে এসে শেষ হয়। আলোর মিছিল শেষে আলোচনা সভায় প্রধান অতিথির বক্তৃতা করেন ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। এসময় তিঁনি বলেন, একাত্তরের নয় মাস ব্যাপী নরহত্যা পৃথিবীর ইতিহাসের ঘৃন্যতম অধ্যায়। ২৫ মার্চ গণহত্যার ঘটনা এখন আন্তর্জাতিক স্বীকৃতির দাবিদার। ৭১ এর মুক্তিযুদ্ধে দেশ স্বাধীন হয়েছে, এবারে দ্বিতীয় মুক্তিযুদ্ধের মাধ্যমে দেশ থেকে যুদ্ধাপরাধী, সন্ত্রাসী নিমূল করে বঙ্গবন্ধুর সোনার বাংলাদেশ গড়ে তোলা হবে। অনুষ্ঠানে পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. সোবহান মিয়ার সভাপতিত্বে বক্তৃতা করেন মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মিহির রঞ্জন হালদার, শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার, রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) জি এম শহিদুল আলম ও বাংলাদেশ ছাত্রলীগ কুয়েট শাখার সভাপতি সাফায়েত হোসেন নয়ন।

## ক্যাম্পাসস্থ খুলনা ইঞ্জিনিয়ারিং ইউনিভার্সিটি স্কুল গেটের উদ্বোধন



কুয়েট ক্যাম্পাসস্থ স্কুলসমূহের মেইন গেটের নির্মাণ কাজ শেষে আনুষ্ঠানিক উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) ক্যাম্পাসস্থ খুলনা ইঞ্জিনিয়ারিং ইউনিভার্সিটি স্কুল ও উন্মেষ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মেইন গেটের নির্মাণ কাজ শেষে আনুষ্ঠানিক উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে। ২৩ মে মঙ্গলবার সকাল সাড়ে ১০টায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে স্কুল গেটের উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর ও বিদ্যালয় পরিচালনা কমিটির সভাপতি প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। এসময় তিনি নির্ধারিত সময়ের মধ্যে নির্মাণ কাজ সম্পন্ন হওয়ায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। উদ্বোধনী অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের পদার্থ বিজ্ঞান বিভাগের প্রফেসর ড. জলী সুলতানা, প্রধান প্রকৌশলী এ বি এম মামুনুর রশিদ, কম্পট্রোলার মোঃ নুরুজ্জামান, রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) জি এম শহিদুল আলম, নির্বাহী প্রকৌশলী ড. মোঃ জুলফিকার হোসেন, খুলনা ইঞ্জিনিয়ারিং ইউনিভার্সিটি স্কুল এর প্রধান শিক্ষক টি এম ছানাউর রহমান, উন্মেষ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ আকবর হোসেন সরদার, খুলনা ইঞ্জিনিয়ারিং ইউনিভার্সিটি স্কুল (প্রাথমিক) এর প্রধান শিক্ষক মোসাঃ রাজিয়া সুলতানাসহ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষার্থীসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

## শিক্ষক সমিতি
# ইফতার ও দোয়া মাহ্ফিল অনুষ্ঠিত




কুয়েট শিক্ষক সমিতির আয়োজনে ইফতার ও দোয়া মাহ্ফিলে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) শিক্ষক সমিতির আয়োজনে ইফতার ও দোয়া মাহ্ফিল অনুষ্ঠিত হয়েছে। ২৮ মে রবিবার বিশ্ববিদ্যালয়ের গেষ্ট হাউজ কাম ক্লাব ভবনে এ আয়োজন করা হয়। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। এসময়, শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার, সাধারণ সম্পাদক প্রফেসর ড. সোবহান মিয়াসহ শিক্ষক সমিতির অন্যান্য নেতৃবৃন্দ এবং সমিতির সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন। ইফতারের পূর্বে দেশ, জাতি ও বিশ্ববিদ্যালয়ের মঙ্গল কামনা করে দোয়া অনুষ্ঠিত হয়।

## অফিসার্স এসোসিয়েশন
# ইফতার ও দোয়া মাহ্ফিল অনুষ্ঠিত



কুয়েট অফিসার্স এসোসিয়েশনের আয়োজনে ইফতার ও দোয়া মাহ্ফিলে প্রধান অতিথির বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) অফিসার্স এসোসিয়েশনের আয়োজনে ইফতার ও দোয়া মাহ্ফিল ৩০ মে মঙ্গলবার বিশ্ববিদ্যালয়ের গেষ্ট হাউজ কাম ক্লাব ভবনে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। এসময়, অফিসার্স এসোসিয়েশনের সভাপতি মোঃ নূরুজ্জামান, বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার জি এম শহিদুল আলম, সাধারণ সম্পাদক প্রকৌশলী হুসাইন মুহাম্মদ এরশাদসহ অফিসার্স এসোসিয়েশনের অন্যান্য নেতৃবৃন্দ এবং এসোসিয়েশনের সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন। ইফতারের পূর্বে দেশ, জাতি ও বিশ্ববিদ্যালয়ের মঙ্গল কামনা করে দোয়া অনুষ্ঠিত হয়।

# ‘ওয়ার্ল্ড ইন্টেলেকচুয়াল প্রপার্টি ডে ২০১৭’ পালিত




কুয়েটে ‘ওয়ার্ল্ড ইন্টেলেকচুয়াল প্রপার্টি ডে ২০১৭’ (বিশ্ব মেধাস্বত্ব দিবস) উপলক্ষ্যে আয়োজিত সেমিনারে সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) ‘ওয়ার্ল্ড ইন্টেলেকচুয়াল প্রপার্টি ডে ২০১৭’ (বিশ্ব মেধাস্বত্ব দিবস) পালিত হয়েছে। দিবসটি পালন উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এর সভাপতিত্বে ২৬ এপ্রিল বুধবার দুপুর সাড়ে ১২টায় বিশ্ববিদ্যালয়ের সভাকক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এসময় তিঁনি বলেন, নতুন নতুন আবিস্কার, গবেষনা ও প্রযুক্তির উৎকর্ষ সাধনের জন্য বিশ্বব্যাপি এ দিনটি পালিত হয়। নতুনকে জানা এবং জানানোর জন্য, মেধার মূল্যায়নের জন্য দিনটির গুরুত্ব অপরিসীম। ‘ইনোভেশন এন্ড ইনোভেটর সেল’ (আইআইসি) এর আয়োজনে অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডীনবৃন্দ, ইনস্টিটিউট পরিচালকবৃন্দ, বিভাগীয় প্রধানবৃন্দ, পরিচালকবৃন্দসহ সংশ্লিষ্ট শিক্ষকবৃন্দ অংশগ্রহণ করেন। ‘ইনোভেশন-ইমপ্রুভিং লাইফস’ প্রতিপাদ্যকে সামনে নিয়ে অনুষ্ঠানে ইন্টেলেকচুয়াল প্রপার্টির উপর কীনোট পেপার উপস্থাপন করেন ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং (ইইই) বিভাগের প্রধান প্রফেসর ড. মোঃ শাহজাহান। অনুষ্ঠানে উম্মুক্ত আলোচনা পর্বে অংশগ্রহণ করেন আইডিএম'র পরিচালক প্রফেসর ড. কাজী হামিদুল বারী, বিএমই বিভাগের প্রধান প্রফেসর ড. মোঃ নূরুন্নবী মোল্লা, সিএসই বিভাগের প্রধান প্রফেসর ড. মোহাম্মদ শেখ সাদী ও আইডিএম এর সহকারী অধ্যাপক এস এম তারিকুল ইসলাম।

# শিক্ষার্থীদের মধ্যে বৃত্তির চেক হস্তান্তর



শিক্ষার্থীদের মধ্যে বৃত্তির চেক প্রদান করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) শিক্ষার্থীদের মধ্যে বৃত্তির চেক প্রদান করা হয়েছে। ০৮ মার্চ বুধবার বিকাল সাড়ে ৪টায় প্রশাসনিক ভবনের সভাকক্ষে বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর ২৫ জন শিক্ষার্থীদের মধ্যে জনপ্রতি ছয় হাজার টাকার চেক হস্তান্তর করেন। এসময় উপস্থিত ছিলেন কুয়েটএএএপি লোকাল রিপ্রেজেনটেটিভ কমিটির সভাপতি ও মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. এ এন এম মিজানুর রহমান, সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. খোঃ মোঃ শফিউল ইসলাম, ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. মুহাঃ রফিকুল ইসলাম, ইলেক্ট্রনিক্স এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. মোঃ ফারুক হোসেন, কুয়েটএএএপি লোকাল রিপ্রেজেনটেটিভ কমিটির সচিব ও বিশ্ববিদ্যালয়ের ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা) শেখ আব্বাছ আলী প্রমূখ।

## সু-উচ্চ ভবন নির্মাণ বিষয়ক টেকনিক্যাল সেমিনার অনুষ্ঠিত



কুয়েটে 'কন্সট্রাকশন টেকনিকস অফ প্রিকাষ্ট এন্ড প্রিফেব্রিকেটেড হাই-রাইজ বিল্ডিং প্রোজেক্ট ইন সিঙ্গাপুর' বিষয়ক সেমিনারে প্রধান অতিথি বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) 'কন্সট্রাকশন টেকনিকস অফ প্রিকাষ্ট এন্ড প্রিফেব্রিকেটেড হাই-রাইজ বিল্ডিং প্রোজেক্ট ইন সিঙ্গাপুর' বিষয়ক টেকনিক্যাল সেমিনার অনুষ্ঠিত হয়েছে। সেমিনারটি বিশ্ববিদ্যালয়ের বিল্ডিং ইঞ্জিনিয়ারিং এন্ড কন্সট্রাকশন ম্যানেজমেন্ট (বিইসিএম) বিভাগের আয়োজনে মঙ্গলবার ০৯ মে বিকালে টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বিভাগের সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয়। সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। সেমিনারে প্রেজেন্টেশন প্রদান করেন বিইসিএম বিভাগের প্রভাষক মিজানুর রহমান এবং সভাপতিত্ব করেন বিইসিএম বিভাগের প্রধান ড. কাজী এবিএম মহীউদ্দিন। সেমিনারে বিভিন্ন বিভাগের শিক্ষক, কর্মকর্তাসহ সংশ্লিষ্ট বিভাগসহ বিভিন্ন বিভাগের শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

## ড. ফাতেমা ও প্র. ড. এমএইচ রশীদ স্কলারশীপ প্রদান



শিক্ষার্থীদের মাঝে বৃত্তির চেক হস্তান্তর করেন কুয়েট ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) শিক্ষার্থীদের মধ্যে ড. ফাতেমা ও প্রফেসর ড. মুহাম্মদ হারুনুর রশিদ স্কলারশীপ ফান্ড থেকে বৃত্তি প্রদান করা হয়েছে। ০৩ জানুয়ারি মঙ্গলবার দুপুর সাড়ে ১২টায় প্রশাসনিক ভবনের সভাকক্ষে বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর ৭ জন শিক্ষার্থীর মধ্যে জনপ্রতি পাঁচ হাজার টাকার চেক হস্তান্তর করেন। এসময় সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. কাজী হামিদুল বারী, ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. আশরাফুল গণি ভুঁইয়া, কম্পট্রোলার মোঃ নূরুজ্জামান, ডেপুটি রেজিস্ট্রার শেখ আক্কাছ আলী প্রমূখ উপস্থিত ছিলেন।

## প্রফেসর ড. মোঃ আবুল বাশার এর বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত

(২৩ পৃষ্ঠার পর) সন্ধ্যায় শিক্ষক সমিতির আয়োজনে সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. মোঃ আবুল বাশার এর বিদায় সংবর্ধনার আয়োজন করা হয়। অনুষ্ঠানে শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার এর সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক প্রফেসর ড. সোবহান মিয়ার সঞ্চালনায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

## জঙ্গীবাদ বিরোধী গণস্বাক্ষর কর্মসূচী পলিত




কুয়েটে জঙ্গীবাদ ও মৌলবাদ বিরোধী গণস্বাক্ষর কর্মসূচীতে প্রধান অতিথির বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) জঙ্গীবাদ ও মৌলবাদ বিরোধী গণস্বাক্ষর কর্মসূচী পালিত হয়েছে। কুয়েট শাখা ছাত্রলীগ এর আয়োজনে ০৪ এপ্রিল মঙ্গলবার বিকাল ৫ টায় ক্যাম্পাসের শহীদ মিনার চত্বরে এ কর্মসূচীতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। এসময় কুয়েট শাখা ছাত্রলীগের সাধারণ সম্পাদক আলী ইমতিয়াজ সোহানসহ অন্যান্য শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, জঙ্গীবাদ ও মৌলবাধ বিরোধী বিভিন্ন কর্মসূচীর অংশ হিসেবে ২৮ মার্চ ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ সমাবেশ, ২৯ মার্চ ক্যাম্পাসের হলসমূহে বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ সমাবেশ, ৩ এপ্রিল ক্যাম্পাসে মানববন্ধন কর্মসূচী পালিত হয়।

## '১২ ব্যাচের 'র‌্যাগ ডে' অনুষ্ঠিত




কুয়েটে '১২ ব্যাচের শিক্ষা সমাপনি 'র‌্যাগ ডে' উপলক্ষে বর্ণাঢ্য র‌্যালি অনুষ্ঠিত হয়।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) '১২ ব্যাচের শিক্ষার্থীদের 'র‌্যাগ ডে' (শিক্ষা সমাপনী অনুষ্ঠান) উপলক্ষে বিভিন্ন কর্মসূচী পালিত হয়েছে। গত ২৮ ফেব্রুয়ারি থেকে শুরু হয়ে ০২ মার্চ পর্যন্ত শিক্ষার্থীরা বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করেছে। এ উপলক্ষে ২৮ মঙ্গলবার সকাল সাড়ে ১১টায় দুর্বার বাংলার সামনে থেকে শুরু হয় বর্নাঢ্য রালী। র‌্যালীতে পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. সোবহান মিয়াসহ '১২ ব্যাচের শিক্ষার্থীরা অংশগ্রহন করে। র‌্যালীটি বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসসহ ফুলবাড়ীগেট প্রদক্ষীন শেষে অডিটরিয়ামের সামনে এসে শেষ হয়। এসময় শিক্ষার্থীরা এক অপরকে রং মাখিয়ে, বাশি বাজিয়ে, নেচে, গেয়ে আনন্দ প্রকাশ করে। 'র‌্যাগ ডে' উপলক্ষে তিনদিন ব্যাপী বন্ধুত্ব বিনিময়, ফানুস উড়ানো, আলপনা অংকন, সাংস্কৃতিক অনুষ্ঠান ও কনসার্ট অনুষ্ঠিত হয়।

## যথাযোগ্য মর্যাদায় মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদ্‌যাপিত

(শেষ পৃষ্ঠার পর) বিশ্ববিদ্যালয়ের পক্ষে শ্রদ্ধাঞ্জলী নিবেদন করেন ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। এরপর শিক্ষক সমিতি, পরিচালক (ছাত্র-কল্যাণ), অফিসার্স এসোসিয়েশন, বিভিন্ন হলের প্রভোস্ট ও ছাত্র-ছাত্রীগণ, বাংলাদেশ ছাত্রলীগ, কর্মচারী সমিতি (৩য় শ্রেণী), কর্মচারী সমিতি (৪র্থ শ্রেণী), মাষ্টাররোল কর্মচারী সমিতি, বঙ্গবন্ধু কর্মচারী পরিষদ, খুলনা ইঞ্জিনিয়ারিং ইউনিভার্সিটি স্কুল ও উন্মেষ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পক্ষ থেকে পুষ্পমাল্য অর্পণ করা হয়। সকাল ১০টায় অডিটরিয়ামে অনুষ্ঠিত শিশুদের চিত্রাংকন প্রতিযোগিতা শেষে বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ (৯ম পৃষ্ঠায় দেখুন)

## কর্মচারী সমিতির (৩য় শ্রেণী) বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত




কুয়েটে কর্মচারী সমিতির (৩য় শ্রেণী) আয়োজনে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ২০১৭ এর পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) কর্মচারী সমিতির (৩য় শ্রেণী) আয়োজনে দিনব্যাপী বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ২০১৭ ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে। ২৫ ফেব্রুয়ারি শনিবার বিকাল ৫টায় পুরস্কার বিতরণী অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ক্রীড়া প্রতিযোগিতা উপভোগ শেষে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার। সভাপতিত্ব করেন কর্মচারী সমিতির (৩য় শ্রেণী) সভাপতি মোঃ মামুনুর রশিদ জুয়েল। এ সময় সমিতির অন্যান্য নেতৃবৃন্দ ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

## কর্মচারী সমিতির (৪র্থ শ্রেণী) বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত



কুয়েটে কর্মচারী সমিতির বার্ষিক ক্রীড়া প্রতিয়োগিতা ২০১৭ ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) কর্মচারী সমিতির (৪র্থ শ্রেণী) আয়োজনে দিনব্যাপী বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ২০১৭ ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে। ১৮ মার্চ শনিবার বিকাল ৫টায় পুরস্কার বিতরণী অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ক্রীড়া প্রতিযোগিতা উপভোগ শেষে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন খুলনা জেলা পরিষদের সদস্য (ওয়ার্ড-৮) মোঃ সাজ্জাদুর রহমান লিঙ্কন। সভাপতিত্ব করেন কর্মচারী সমিতির (৪র্থ শ্রেণী) সভাপতি শেখ এরশাদ আলী। এ সময় সমিতির অন্যান্য নেতৃবৃন্দ ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

## জাতীয় শিশু দিবস ২০১৭ উদযাপিত

(৩য় পৃষ্ঠার পর) নির্দেশনাকে পাথেয় মেনে এগিয়ে যেতে হবে"। পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. সোবহান মিয়ার সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তৃতা করেন সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ মাহবুব আলম, ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ আব্দুর রফিক, শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার, রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) জি এম শহিদুল আলম। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন সেকশন অফিসার (গ্রেড-১) মনোজ কুমার মজুমদার। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন ইউআরপি বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মোঃ মোস্তফা সারোয়ার, অফিসার্স এসোসিয়েশনের সাধারণ সম্পাদক প্রকৌশলী হুসাইন মুহাম্মদ এরশাদ, কর্মচারী সমিতির (৩য় শ্রেণী) সাধারণ সম্পাদক মোঃ ইমরুল ইসলাম ও বঙ্গবন্ধু কর্মচারী পরিষদের সহ-সভাপতি মোঃ রবিউল ইসলাম প্রমূখ। দিবসটি উদ্‌যাপন উপলক্ষ্যে ১৭ মার্চ সকাল সাড়ে ৯টায় ক্যাম্পাসের শহীদ মিনারে অস্থায়ীভাবে স্থাপিত বঙ্গবন্ধু'র প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। এরপর পর্যায়ক্রমে শিক্ষক সমিতি, পরিচালক (ছাত্র কল্যাণ), অফিসার্স এসোসিয়েশন, বিভিন্ন হল, কুয়েট ছাত্রলীগ, কর্মচারী সমিতি (৩য় শ্রেণী), কর্মচারী সমিতি (৪র্থ শ্রেণী), বঙ্গবন্ধু কর্মচারী পরিষদ এবং কুয়েট ক্যাম্পাসস্থ বিদ্যালয়সমূহের শিক্ষার্থীরা পুষ্পমাল্য অর্পন করেন। এর পূর্বে কুয়েটের সহযোগিতায় কুয়েট ক্যাম্পাসস্থ খুলনা ইঞ্জিনিয়ারিং ইউনিভার্সিটি স্কুল (প্রাথমিক ও মাধ্যমিক) ও উন্মেষ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের যৌথ উদ্যোগে সকাল সাড়ে ৭টায় ছাত্র-ছাত্রীদের জন্য বঙ্গবন্ধুর জীবন আলেখ্য, কবিতা আবৃত্তি, রচনা ও চিত্রাংকণ প্রতিযোগিতা, হাতের সুন্দর লেখা ও নির্ধারিত বক্তৃতাসহ বিভিন্ন প্রতিযোগিতার আয়োজন করা হয়। সকাল ৯টায় বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এর নেতৃত্বে স্কুলগুলোর শিক্ষার্থী ও শিক্ষক, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা, শিক্ষার্থী ও কর্মচারীবৃন্দের অংশগ্রহনে একটি আকর্ষনীয় শোভাযাত্রা অনুষ্ঠিত হয়। শোভাযাত্রাটি বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস প্রদক্ষীণ করে অডিটরিয়ামের সম্মুখে এসে শেষ হয়। শ্রদ্ধা নিবেদন শেষে অডিটরিয়ামে সকাল ১০টা থেকে দুপুর ১২টা পর্যন্ত মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান ও বিভিন্ন প্রতিযেগিতার পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়। এসময় প্রধান অতিথি হিসেবে পুরস্কার বিতরণ করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। সকালে বঙ্গবন্ধু কর্মচারী পরিষদ, মাস্টাররোল কর্মচারী সমিতি, কর্মচারী সমিতি (৪র্থ শ্রেণী), কর্মচারী সমিতি (৩য় শ্রেণী) এর উদ্যোগে পৃথকভাবে কেক কেটে বঙ্গবন্ধুর জন্মদিন উদ্‌যাপন কর্মসূচীর উদ্বোধন করেন কুয়েট ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। এছাড়া বাদ আসর বঙ্গবন্ধুর আত্মার মাগফেরাত কামনা করে বিশ্ববিদালয়ের কেন্দ্রীয় জামে মসজিদে দোয়া মাহ্‌ফিল অনুষ্ঠিত হয়।

## কুয়েটে গেট্‌স ফাউন্ডেশন ও এসএনভি এর প্রতিনিধি দল

(১০ম পৃষ্ঠার পর) এ্যাডভাইজার, এফএসএম প্রোগ্রাম। সভায় খুলনা, কুষ্টিয়া ও ঝিনাইদহে মানববর্জ্য ব্যবস্থাপনা সম্পর্কে আলোচনা হয়। উল্লেখ্য, খুলনা, কুষ্টিয়া ও ঝিনাইদহ শহরে শহরগুলোর কর্তৃপক্ষ এবং এসএনভি যৌথভাবে ৪ বছর মেয়াদী মানববর্জ্য ব্যবস্থাপনা বিষয়ক প্রকল্প চলছে। এতে অর্থায়ন করছে বিএমজিএফ এবং কারিগরি সহায়তা দিচ্ছে কুয়েটসহ অন্যান্য প্রতিষ্ঠান। এই প্রতিনিধি দলটি প্রকল্পটির ৩ বছর মেয়াদ শেষে এর বিভিন্ন অগ্রগতি ও সফলতা সরেজমিনে পরিদর্শন করে। এছাড়া, মানববর্জ্যের বিভিন্ন ল্যাব টেস্টের জন্য এসএনভি কুয়েটে ইনভাইরনমেন্ট ল্যাব উন্নত করার জন্য অর্থায়ন করে। প্রতিনিধিদলটি কুয়েটের সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের ইনভাইরনমেন্ট ল্যাবও পরিদর্শন করেন। এসময় কুয়েটে সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মুহাম্মাদ হারুনুর রশীদ ও সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. খন্দকার মাহবুব হাসান উপস্থিত ছিলেন।

## স্কুলের শিক্ষার্থীদের বিনামূল্যে পাঠ্য বই বিতরণ

(১৩ পৃষ্ঠার পর) পরিস্কার পরিচ্ছন্ন রাখার জন্য উদ্বুদ্ধ করেন। এসময় তিনি স্কুলের একটি শ্রেণীর একজন ছাত্র ও একজন ছাত্রীকে পরিবেশ মন্ত্রী ঘোষনা করেন এবং অন্য ক্লাসের শিক্ষার্থীদের মধ্যে থেকে অনুরুপভাবে পরিবেশ মন্ত্রীর দায়িত্ব দেওয়ার জন্য স্কুল কর্তৃপক্ষকে নির্দেশ দেন। স্কুলের প্রতিটি শ্রেণীর পরিবেশ মন্ত্রীর কাজ হবে বিদ্যালয়কে পরিচ্ছন্ন রাখার ব্যাপারে শিক্ষার্থীদের মাঝে নেতৃত্ব দেওয়া ও সবাইকে সচেতন করা। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উন্মেষ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি ও বিশ্ববিদ্যালয়ের লাইব্রেরীয়ান মোঃ আক্কাছ উদ্দিন পাঠান, প্রধান প্রকৌশলী এ বি এম মামুনুর রশিদ, খুলনা ইঞ্জিনিয়ারিং ইউনিভার্সিটি স্কুল এর প্রধান শিক্ষক টি এম ছানাউর রহমান, উন্মেষ সরকারি প্রাথমিক বিদ্যালয় এর প্রধান শিক্ষক মোঃ আকবর হোসেন সরদার, স্কুলের শিক্ষকমন্ডলী, অভিভাবকবৃন্দ, ছাত্র-ছাত্রীসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

## বিভিন্ন বিভাগ/শাখায় নতুন শিক্ষক/কর্মকর্তা যোগদান

**(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)**

### ইইই বিভাগে অধ্যাপক হিসেবে ড. মোঃ সালাহউদ্দীন ইউসুফ এর যোগদান



ড. মোঃ সালাহউদ্দীন ইউসুফ গত ০৫ ফেব্রুয়ারি ২০১৭ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের ইইই বিভাগে অধ্যাপক হিসেবে যোগদান করেছেন। তিনি গত ২৩ মার্চ ২০১৪ইং তারিখে সহযোগী অধ্যাপক হিসাবে অত্র বিশ্ববিদ্যালয়ের ইইই বিভাগে যোগদান করেন।

### গণিত বিভাগে অধ্যাপক হিসেবে ড. বি এম ইকরামুল হক এর যোগদান



ড. বি এম ইকরামুল হক ০৫ ফেব্রুয়ারি ২০১৭ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগে অধ্যাপক হিসেবে যোগদান করেছেন। তিনি গত ০৫ জুলাই ২০১৫ইং তারিখে সহযোগী অধ্যাপক হিসাবে অত্র বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগে যোগদান করেন।

### সিই বিভাগে সহযোগী অধ্যাপক হিসেবে মোঃ হুমায়ুন কবীর এর যোগদান



মোঃ হুমায়ুন কবীর গত ০৫ ফেব্রুয়ারি ২০১৭ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের সিই বিভাগে সহযোগী অধ্যাপক হিসেবে যোগদান করেছেন। তিনি গত ১৫ এপ্রিল ২০০৭ইং তারিখে সহকারী অধ্যাপক হিসাবে অত্র বিশ্ববিদ্যালয়ের সিই বিভাগে যোগদান করেন।

### এমই বিভাগে সহযোগী অধ্যাপক হিসেবে ড. জহির উদ্দিন আহমেদ এর যোগদান



